জেলা পর্যায়ে দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন

সিরাজগঞ্জ জেলা

পরিকল্পনা প্রণয়নে ঃ

জেলা পর্যায়ে দূর্যোগ ব্যবস্থাপনা কমিটি, সিরাজগঞ্জ

সমন্বয়ে ঃ

ইডা-EADA

জুলাই ২০১৪

সার্বিক সহযোগিতায়

কম্প্রিহেন্সিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি ২)

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

বাণী

সমগ্র বিশ্বে বাংলাদেশ একটি দূর্যোগ প্রবণ দেশ হিসেবে পরিচিত। ভৌগলিক অবস্থান, জলবায়ু ও আবহাওয়ার তারতম্যের কারণে স্থানভেদে এদেশে প্রতি বছর বন্যা (নদীবাহিত/বৃষ্টিপাত জনিত), নদী ভাঙ্গন, ঘূর্ণিঝড়, খরা, ঘন কুয়াশার মত বিভিন্ন ধরণের আপদ আঘাত হানে। বাংলাদেশ একটি নদীমাতৃক দেশ হওয়ায় প্রতিবছর এলাকা ভিত্তিক নদী ভাঙ্গনের শিকার হয়ে বহু মানুষ ভিটে-মাটি ছাড়া হয়, নিঃস্ব হয়ে পড়ে এবং নদী-নালা, খাল-বিল ভরাট জনিত কারণে এলাকা ভিত্তিক অধিবাসীদের সংশ্লিষ্ট নানা ধরনের আপদের সম্মুখীন হতে হয়। এ সমস্ত আপদের প্রভাবে সহায় সম্পদ সহ জান-মাল, পশু সম্পদ ও ফসলের ব্যাপক ক্ষতি সাধিত হয়। এর ফলে শুধু আক্রান্ত জনগোষ্ঠীই ক্ষতিগ্রস্থ হয় না, জাতীয় সম্পদ এবং অর্থনীতিতে ও ব্যাপক এর প্রভাব পরিলক্ষিত হয়।

দূর্যোগ প্রবণ দেশ হলেও পূর্বে দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনার মাধ্যমে মানুষের সহায় সম্পদসহ জান-মাল, পশু সম্পদ ও ফসলের ক্ষয়ক্ষতি কমানোর সুদূর প্রসারী কোন পরিকল্পনা গ্রহণ করা হয়নি। সুষ্ঠু পরিকল্পনা ব্যাতিরেকে শুধুমাত্র ত্রাণ ও পূনর্বাসনকেই বেশি প্রাধান্য দেয়া হয়েছে।

সম্প্রতি বাংলাদেশ সরকার UNDP সহ বিভিন্ন দাতা গোষ্ঠীর আর্থিক সহায়তায় দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা তৈরীর মাধ্যমে এক যুগান্তকারী কর্মসূচী হাতে নিয়েছে। এই কর্মসূচীর আওতায় প্রাথমিকভাবে সমাজের বিভিন্ন স্তরের জনসাধারণ, জেলা ও উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সমন্বয়ে স্থানীয় ঝুঁকি চিহ্নিত করে তা পর্যালোনার মাধ্যমে কর্ম-পরিকল্পনা প্রনয়নের উদ্যোগ নেয়া হয়েছে। ঝুঁকি নিরসন কর্ম-পরিকল্পনায় স্থানীয় আপদসমূহ চিহ্নিত করে ঝুঁকি নিরসনের জন্য প্রতিটি উপজেলা পর্যায়ে দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

আমি সিরাজগঞ্জ জেলার জেলা দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভাপতি হিসেবে এলাকাবাসীর পক্ষ থেকে ঝুঁকি হ্রাস কর্ম-পরিকল্পনা প্রণয়নে সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

মোঃ বিল্লাল হোসেন
জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
ও
সভাপতি
জেলা দূর্যোগ ব্যবস্থাপনা কমিটি
সিরাজগঞ্জ জেলা, সিরাজগঞ্জ।

বাণী

যমুনা নদীর কোল ঘেষে সিরাজগঞ্জ জেলা অবস্থিত। প্রাকৃতিক দূর্যোগের সঙ্গে সখ্যতা গড়েই এই জেলার মানুষগুলো জীবন যাত্রার মান উন্নয়নের প্রাণান্তকর চেষ্টা করে যাচ্ছে। প্রকৃতির অপরুপ সৌন্দর্যের গৌরব যেমন এই এলাকার মানুষগুলোকে আলাদাভাবে মর্যাদায় আসীন করেছে তেমনি প্রকৃতির রুঢ়তা এই জনপদের মানুষগুলোকে বারবার উন্নয়নের ধারা থেকে পিছনে ঠেলে দিয়েছে। যমুনা নদী বেষ্টিত সিরাজগঞ্জ জেলা অত্যন্ত দুর্যোগ ঝুঁকিপ্রবণ এলাকা। এখানকার মানুষের জীবন জীবিকার অন্যতম সঙ্গী হল কৃষি ও তাঁত শিল্প। এখানে উন্নয়নের মূল প্রতিবন্ধকতা হল বিভিন্ন প্রকারের দুর্যোগ। আগাম বন্যা এই উপজেলার প্রধান দুর্যোগ। এছাড়া, এ জেলার উল্লেখযোগ্য দুর্যোগসমূহ হল বন্যা, নদীভাঙ্গন, কালবৈশাখী ঝড়, খরা, শৈত্যপ্রবাহ, আর্সেনিক দূষণ ইত্যাদি। প্রাকৃতিক দূর্যোগসমূহ প্রায়শই ভয়াবহ আকারে আঘাত হেনে জানমাল ও সম্পদের ক্ষতি সাধন করে, যা শুধুমাত্র ব্যক্তি বা একটি সমাজের জনগোষ্ঠীকেই ক্ষতিগ্রস্ত করে না, জাতীয় আর্থনীতি ও সম্পদের অপূরণীয় ক্ষতি সাধন করে। দূর্যোগের ঝুঁকি ও ক্ষয়ক্ষতি কমিয়ে আনার জন্য সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ সর্বাগ্রে প্রয়োজন একটি সঠিক পরিকল্পনা।

এরই ধারাবাহিকায় ইডা সিরাজগঞ্জ জেলায় সিডিএমপি ফেইজ-২ এর আর্থিক সহযোগিতায় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রকল্পের আওতায় জেলা দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সহায়তায় বাস্তবতার নিরিখে স্থানীয় জনগোষ্ঠীকে সঙ্গে নিয়ে দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা তৈরি করেছে। পরিকল্পনাটিতে যেসব তথ্য বিদ্যমান সেগুলো হল স্থানীয় এলাকা পরিচিতি- দূর্যোগের ইতিহাস, জনসংখ্যা, অবকাঠামো, দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা, দুর্যোগ ঝুঁকিহ্রাস-ঝুঁকির কারণ, ঝুঁকি নিরসনের উপায়, দুর্যোগ পূর্ব প্রস্তুতি, দুর্যোগকালীন প্রস্তুতি, দুর্যোগ পরবর্তী প্রস্তুতি, স্বাভাবিক সময়ে করণীয়, জরুরী সারা প্রদান, উদ্ধার ও পুনর্বাসন পরিকল্পনা ইত্যাদি। ইহা অত্র জেলার দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণে অগ্রণী ভূমিকা পালন করবে বলে আমি মনে করি।

দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের সাথে সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং কৃতজ্ঞতা প্রকাশ করছি। সেই সাথে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রকল্পের সফল বাস্তবায়ন কামনা করছি।

মো: জাকিউর রহিম সাহেদ
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
সিরাজগঞ্জ।
ও
সদস্য সচিব
জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
সিরাজগঞ্জ।

সূচীপত্র

বিষয়	পৃষ্ঠা নং
প্রথম অধ্যায়: স্থানীয় এলাকা পরিচিতি	-
১.১ পটভূমি	০৭
১. ২ পরিকল্পনার মূল উদ্দেশ্য	০৭
১.৩ স্থানীয় এলাকা পরিচিতি	০৭
১.৩.১ জেলা/উপজেলার ভৌগলিক অবস্থান	০৭
১.৩. ২ আয়তন	০৮
১.৩.৩ জনসংখ্যা	১৫
১.৪. অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্যগুলোর সংক্ষিপ্ত ভাবে বর্ননা থাকতে হবে	১৫
১.৪.১ অবকাঠামো	১৫
১.৪.২ সামাজিক সম্পদ	১৬
১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু	২২
১.৪.৪ অন্যান্য	২২
দ্বিতীয় অধ্যায়: দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা	-
২.১ দুর্যোগের সার্বিক ইতিহাস	২৫
২.২ জেলা/উপজেলার আপদ সমুহ	২৬
২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ভবিষ্যৎ চিত্রবর্ননা	২৬
২.৪ বিপদাপন্নতা ও সক্ষমতা	২৭
২.৫ সর্বাধিক বিপদাপন্ন এলাকা	২৯
২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাত সমুহ	৩২
২.৭ সামাজিক মানচিত্র	৩৭
২.৮ আপদ ও ঝুঁকি মানচিত্র	৩৮
২.৯ আপদের মৌসুমী দিনপঞ্জি	৩৯
২.১০ জীবিকার মৌসুমী দিনপঞ্জি	৪০
২.১১ জীবন এবং জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা	৪১
২.১২ খাত ভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ননা	৪১
২.১৩ জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব	৪৬
তৃতীয় অধ্যায়: দুর্যোগঝুঁকি হ্রাস	-
৩. ১ ঝুঁকির কারণসমূহ চিহ্নিতকরণ	৫৭
৩.২ ঝুঁকি নিরসনের উপায় চিহ্নিতকরণ	৬০
৩.৩ এনজিওদের উন্নয়ন পরিকল্পনা	৬৩
৩.৪ দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা	৬৪
৩.৪.১ দুর্যোগ পূর্ব প্রস্তুতি	৬৪

বিষয়	পৃষ্ঠা নং
৩.৪.২ দুর্যোগ কালীন	৬৫
৩.৪.৩ দুর্যোগ পরবর্তী	৬৭
৩.৪.৪ স্বাভাবিক সময়ে/ ঝুঁকিহ্রাস সময়ে	৬৯
চতুর্থ অধ্যায়: জরুরী সাড়া প্রদান	-
৪.১ জরুরী অপারেশন সেন্টার (EOC)	৭১
৪.১.১ জরুরী কন্ট্রোল রুমপরিচালনা	৭১
৪.২ আপদ কালীন পরিকল্পনা	৭১
৪.২.১ স্বেচ্ছাসেবকদের প্রস্তুত রাখা	৭৩
৪.২.২ সতর্কবার্তা প্রচার	৭৩
৪.২.৩ জনগণকে অপসারণের ব্যবস্থাদি	৭৩
৪.২.৪ উদ্ধার ও প্রাথমিক চিকিৎসাপ্রদান	৭৪
৪.২.৫ আশ্রয় কেদ্র রক্ষনাবেক্ষন	৭৪
৪.২.৬ নৌকা প্রস্তুত রাখা	৭৪
৪.২.৭ দূর্যোগের ক্ষয়ক্ষতি চাহিদা নিরুপন ও প্রতিবেদন প্রেরণঃ	৭৪
৪.২.৮ ত্রান কার্যক্রম সমন্বয় করা	৭৪
৪.২.৯ শুকনা খাবার, জীবন রাক্ষাকারী ঔষধ সংগ্রহ ও প্রস্তুত রাখা	৭৫
৪.২.১০ গবাদী পশুর চিকিৎসা/টিকা	৭৫
৪.২.১১ মহড়ার আয়োজন করা	৭৫
৪.২.১২ জরুরী কন্ট্রোল রুম (EOC)পরিচালনা	৭৫
৪.২.১৩ আশ্রয়কেন্দ্র / নিরাপদ স্থান সমুহ	৭৬
৪.৩ জেলা/উপজেলার নিরাপদ স্থান সমুহের তালিকা ও বর্ননা	৭৬
৪.৪ আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির গঠন	৭৬
৪.৫ জেলা/উপজেলার সম্পদের তালিকা (যা দুর্যোগকালে ব্যবহৃত হতে পারে)	৯৯
৪.৬ অর্থায়ন	১০০
৪.৭ কর্ম পরিকল্পনা হালনাগাদ করণ ও পরীক্ষা করণ	১০৩
পঞ্চমঅধ্যায়: উদ্ধার ও পুনর্বাসন পরিকল্পনা	-
৫.১ ক্ষয়ক্ষতি মূল্যায়ন	১০৪
৫.২ দ্রুত /আগাম পুনরুদ্ধার	১০৮
৫.২.১ প্রশাসনিক পুনঃপ্রতিষ্ঠা	১০৮
৫.২.২ ধ্বংসাবশেষ পরিষ্কার	১০৮
৫.২.৩ জনসেবা পুনরারম্ভ	১০৮
৫.২.৪ জরুরী জীবিকা সহায়তা	১০৮
সংযুক্তি ১ আপদকালীন পরিকল্পনা বাস্তবায়নের চেক লিষ্ট	১০৯
সংযুক্তি ২ জেলা/উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি	১১০
সংযুক্তি ৩ জেলা/উপজেলার সেচ্ছাসেবকদের তালিকা	১১২

বিষয়	পৃষ্ঠা নং
সংযুক্তি ৪ আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির তালিকা	১১৩
সংযুক্তি ৫ এক নজরে জেলা/উপজেলা	১৩৬
সংযুক্তি ৬ বাংলাদেশ বেতারে প্রচারিত কয়েকটি গুরুত্বপূর্ন অনুষ্ঠান সূচী	১৪৫
সংযুক্তি ৭ অবকাঠামো	১৪৬
সংযুক্তি ৮ সেচ ব্যবস্থা	১৪৭
সংযুক্তি ৯ হাট বাজারের তালিকা	১৪৮
সংযুক্তি ১০ নলকূপের তথ্য	১৪৯
সংযুক্তি ১১ পয়: নিষ্কাশনের তথ্য	১৫০
সংযুক্তি ১২ মসজিদ ও মন্দিরের তথ্য	১৫০
সংযুক্তি ১৩ ধর্মীয় জমায়েতের স্থানের তথ্য	১৫১
সংযুক্তি ১৪ স্বাস্থ্য সেবা কেন্দ্রের তথ্য	১৫২
সংযুক্তি ১৫ ব্যাংক সমূহের তথ্য	১৫৪
সংযুক্তি ১৬ ক্লাবের তালিকা	১৫৭
সংযুক্তি ১৭ কবর স্থান ও শ্মশান ঘাটের তালিকা	১৫৭
সংযুক্তি ১৮ বন ও বনায়নের তথ্য	১৫৮
সংযুক্তি ১৯ নদীর তথ্য	১৫৮
সংযুক্তি ২০ আর্সেনিকের তথ্য	১৫৯
সংযুক্তি ২১ জেলার নিরাপদ স্থান সমূহের তালিকা	১৬০
সংযুক্তি ২২ সর্বাধিক বিপদাপন্নতার মানচিত্র	১৭৮
সংযুক্তি ২৩ ওয়ার্কশপের ছবি	১৭৯
সংযুক্তি ২৪ ওয়ার্কশপের হাজিরা শীট	১৮০
সংযুক্তি ২৫ ওয়ার্কশপের পেপার কাটিং	১৮৩

প্রথম অধ্যায়: স্থানীয় এলাকা পরিচিতি

১.১ পটভূমি:

ভৌগলিক অবস্থানের কারনে বালাদেশ একটি দূর্যোগ প্রবণ দেশ। ঘূর্নিঝড়, জলোচ্ছাস, বন্যা, নদীভাঙন, খরা, শৈত্য প্রবাহ, টর্নেডোর মতো প্রাকৃতিক দূর্যোগসমুহ বাংলাদেশের জন্য নিয়মিত ঘটনা। জলবায়ু পরিবর্তনের ফলে এসব প্রাকৃতিক দূর্যোগের মাত্রা ও তীব্রতা ক্রমাগতভাবে বাড়ছে। বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ । কাঠামোগত উন্নয়নের মাধ্যমে দূর্যোগ ঝুঁকিহ্রাস করার মতো ক্ষমতা বাংলাদেশের নেই। তবে দূর্যোগের বসবাসের অভিজ্ঞতা এ দেশের মানুষের দীর্ঘদিনের। এইদেশের মানুষের দূর্যোগ মোকাবিলার সাফল্য পৃথিবীর অন্যান্য দূর্যোগ প্রবন দেশের কাছে দৃষ্টান্ত হিসাবে অনুসরনীয়। বাংলাদেশের গতানুগতিক দূর্যোগ ব্যবস্থাপনায় ঝুঁকি প্রবন সমাজের এই সক্ষমতার বিষয়টি উপেক্ষিত। এদেশের প্রতিটি জেলাই কম বেশি দূর্যোগ আক্রান্ত হয়। এ জেলাগুলোর মধ্যে সিরাজগঞ্জ জেলা অন্যতম। সিরাজগঞ্জ জেলার ৫টি উপজেলা একটি অত্যন্ত দূর্যোগ ঝুঁকি প্রবন এলাকা। বন্যাএই এলাকার প্রধান দূর্যোগ। প্রতিটি উপজেলা প্রতি বছর দূর্যোগ হয় এবংজন সাধারণের জীবন ও জীবিকার উপর বিরুপ প্রভাব ফেলে। প্রতি বছর বিভিন্ন দূর্যোগ পতিত হলেও জেলা পর্যায়ে কোন কর্মপরিকল্পনার প্রতিফলন দেখা যায়নি। সার্বিক দূর্যোগ ব্যবস্থাপনার অংশ হিসেবে এই দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি সিরাজগঞ্জ জেলার জন্য প্রনয়ন করা হয়েছে।

১.২ পরিকল্পনার মূল উদ্দেশ্য

- ❖ পরিবার ও সমাজ পর্যায়ে দূর্যোগের ঝুঁকি সম্পর্কে গণসচেতনতা সৃষ্টি সম্পর্কে গণসচেতনতা সৃষ্টি ও সকল প্রকার ঝুঁকি হ্রাস করনে পরিবার, সমাজ, ইউনিয়ন প্রশাসন, উপজেলা ও জেলা প্রশাসন পর্যায়ে বাস্তব সম্মত উদ্ভাবন করা।
- ❖ স্থানীয় উদ্যোগে যথাসম্ভব স্থানীয় সম্পদ ব্যবহারের মাধ্যমে ঝুঁকি হ্রাস করন ও ব্যবস্থাদির বাস্তবায়ন পদ্ধতির উন্নয়ন সাধন।
- ❖ অপসারন, উদ্ধার, চাহিদা নিরূপন ত্রান ও তাৎক্ষনিক পুনর্বাসন ব্যবস্থার জন্য স্থানীয়ভাবে প্রণীত পরিকল্পনার অনুশীলন ও প্রয়োগ।
- ❖ একটি নির্দিষ্ট এলাকা এবং নির্দিষ্ট সময়ের জন্য কৌশলগত দলিল তৈরী করা।
- ❖ দূর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও সংশ্লিষ্ট সেক্টরের (সরকারী, আন্তর্জাতিক ও জাতীয় এনজিও, দাতা ইত্যাদি) জন্য একটি সার্বিক পরিকল্পনা হিসেবে কাজ করবে।
- ❖ দূর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট অংশীদারদের পরিকল্পনা প্রনয়ণে ও বাস্তবায়নে নির্দেশনা প্রদান করে।
- ❖ সংশ্লিষ্ট কমিউনিটি দূর্যোগ পরিকল্পনায় আন্তরিক অংশগ্রহন, কার্যকর ও অংশীদারিত্ব ও মালিকানাবোধ জাগ্রত করা।

১.৩ স্থানীয় এলাকা পরিচিতি:

১.৩.১. জেলা/উপজেলার ভৌগলিক অবস্থান:

সিরাজগঞ্জ জেলা যমুনা নদীর তীর ঘেষেই রাজশাহী বিভাগে অবস্থতি। বিভাগ হতে ১৩০ কি: মি: দূরে অবস্থিত। জেলাটি বাংলাদেশের অক্ষাংশ ২৪°.০০ - ২৪°.৪০ দ্রাঘিমাংশ ৮৯° ২০ - ৮৯°৫০। সিরাজগঞ্জ জেলার উত্তর-পশ্চিমে বগুড়া ও নাটোর, পুর্ব-দক্ষিণে টাঙ্গাইল, মানিকগঞ্জ ও পাবনা জেলা। সিরাগঞ্জ জেলায় মোট ৯টি উপজেলা, ১২টি থানা, ৬টি পৌরসভা, ৮২টি ইউনিয়ন। এই জেলার প্রধান প্রধান নদীগুলো হচ্ছে- যমুনা, বড়াল, ইছামতি, করতোয়া ও ফুলজোড় ইত্যাদি। মূলত যমুনার ভাঙ্গন রোধে জেলার চারটি উপজেলা ব্যাপী বন্যা প্রতিরোধ বাঁধ রয়েছে। প্রতিটি উপজেলার সাথে পাকা রাস্তা রয়েছে। এছাড়াও গ্রাম থেকে গ্রামে যোগাযোগের জন্য কাচা রাস্তা রয়েছে।

১.৩.২ আয়তন :

আয়তন ২৪০২.০৫ বঃ কিলোমিটার। সিরাজগঞ্জ জেলায় মোট ৯টি উপজেলা, ১২টি থানা, ৬টি পৌরসভা, ৮২টি ইউনিয়ন, মৌজা-১৪৭২টি এবং ২১৮০টি গ্রাম রয়েছে।

জেলার নাম	উপজেলার নাম	মৌজার সংখ্যা	মৌজার নাম
সিরাজগঞ্জ	সিরাজগঞ্জ সদর	২০৬টি	মহিষামুড়া, একডালা, ফুল বয়রা, আগ বয়রা, খোদ্দ বয়রা, হরিণা রায়নপুর, বিনয়পুর,চক বাহুকা, রতনকান্দি, ভেন্না বাড়ী, খোলা বাড়ী, সরাতৈল, বাহুকা , শুকদেবপুর, গোবিন্দ পোটল, হরিণা, খামারগাতী, শ্যামপুর ও নারায়নদিয়া, বাগবাটি, মালি গাতি, আলোকদিয়া, হাসনা, সূবর্ণ গাতি, হরিণা গোপাল, ধলডোপ, কানগাতি, বৈদ্য ধলডোপ, গারুদহ, পানিয়াবাড়ী, চক মিরা খোর, হরিপুর, ঘোড়া চড়া, পিপুল বাড়িয়া, দত্তবাড়ী, চক ফুলকোচা, ফুলকোচা, ইছামতি, রাজিবপুর, নান্দিনা, বেজগাতি ও রাঙ্গালিয়া গাতি, বহুলী, ধীতপুর কানু, ধীতপুর আলাল, সাব্বিশা, খাগা, দক্ষিণ আলোকদিয়া, কালিদাসগাতি, চাদপাল, নুটি হরিণা, দেউজী, সিঙ্গারগাতি, ডুমুর, পদমপাল, রতুনী, হরিণাহাটা, রহিমপুর, রাজাপুর, বাগডুমুর, রঘুরগাতি, নিয়ামতপুর, সরাইচন্ডী ও ব্রক্ষখোলা, ফুলবাড়ী, রঘুনাথপুর, শিলন্দা, শিয়ালকোল, বিলধলী, বড় হামকুড়িয়া, চক শিয়ালকোল, খোদ্দ শিয়ালকোল, আড়িয়া মোহন, উত্তর সারুটিয়া, বহুতী, কয়েলগাতী, শিবনাথপুর, পশ্চিম মোহনপুর, চন্ডী দাসগাতী, ছোট হামকুড়িয়া, পশ্চিম কোনাগাতী, জগত গাতী, পাইকশা, পাচিল, দিয়ার পাচিল, ব্রাক্ষণ বয়রা, দৌলতপুর, খলিসাকুরা, শৈলাবাড়ী,চক খোকশাবাড়ী, খোকশাবাড়ী, গুনের গাঁতি, তেলকুপি, নওদা তেলকুপি, মুনসুমি, সাটিকা বাড়ী, ব্রাক্ষণ গাঁতি, শালুয়াভিটা, খিদরানী, আমিনপুর, খাতা, নওদা ফুলকোচা, ভুরভুরিয়া, বলিদহ, গুপিরপাড়া, শাহানগাছা, ঝিনাইগাতি, ছোনগাছা, পারপাচিল, ভাটপিয়ারী, বালিঘুগরী, ইটালী, বিল নলচুঙ্গী, বিলছিলপাতা, পাঁচ ঠাকুরী, মতিয়ারপুর, সিমলা, কেছুয়া হাটা, খারুয়া, জয়কৃষ্ণপাড়া, চর খারুয়া, পার মেছড়া, মেছড়া, বেতুয়া, বেড়াদড়ি, নলদাইর, খাস হুরকান্দি, রেহাই হুরকান্দি ভাঙ্গারা, রুপসা, তেঘড়ী, সাচালিয়া, খাসবালিয়ামেন্দা, আকনাদিঘী, গোটিয়া, খিদিরপুর, ঘোষের পটল, চাঁদগঞ্জ মুদীপাড়া, হাড়িভাঙ্গা, মাটিকোড়া, আঠার টাকার পাড়, উত্তর জামুয়া, হাট বয়রা, কাটেংগা, চক চিথুলিয়া, ভূতমা, বানিয়া বাড়ী, ক্ষুদ্র কাটেংগা, কাকমারী, সিংগাবিল, চিথুলিয়া, কাওয়াকোলা, কুড়িপাড়া, দোগাছী, মহেশকাংলা, বর্ণি, সয়াসেখা, মির্জাপুর, বড় কয়রা, দোরতা ছোট কয়রা, চন্ডাল বয়ড়া, বেরা বাড়ী, কালিয়া চৌধুরী, নারান বাড়ী, কালিয়া হরিপুর, তেতুলিয়া, বনবাড়িয়া, ছাতিয়ান তলী, মোরগ্রাম, বেলুটিয়া, বারাকান্দি, চাকুলী, রামগাতি, বিয়াড়া, ছোট পিয়ারী, বড় পিয়ারী ও সাপরী, খাস ছত্রগাছা, রেহাই ছত্রগাছা, যমুনাবালী, জগতলা, পূর্ব মোহনপুর, বাঐতারা, কোনাগাতি, কড্ডা, কৃষ্ণপুর, সদান্দপুর, জামতৈল, খিদিরপুর, জামতৈলদাস, জারিলা, সারটিয়া, দুখিয়াবাড়ী, সয়দাবাদ, গাছাবাড়ী, বড় শিমুল, পঞ্চসোনা, খাস বড় শিমুল, চক বয়রা ও বিরহাতী।

	কাজিপুর	১২৩টি	পারুলকান্দি, হরিনাথপুর, পরাণপুর, রশিকপুর, পাইকপাড়া, রৌহাবাড়ী, কৃষ্ণ গোবিন্দপুর, সোনামুখী, স্থলবাড়ী, গাড়াবেড়, কবিহার, বর্শী ভাঙ্গা,ভানুডাঙ্গা, সাতকয়া, হাটশিরা, মাথাইল চাপড়, ভবানীপুর, দুর্গতিয়াপাড়া, চালিতা ডাঙ্গা, লক্ষীপুর, কাচিহারা, খুকশিয়া, পশ্চিম বেতগাড়ী, কালিকাপুর, পাটাগ্রাম, বড়ইতলা, মীরারপাড়া, আলমপুর, গান্ধাইল, শুভগাছা, ঝুনকাইল, দোয়েল, চোরমারা, বয়রাবাড়ী, একডালা, রৌহাবাড়ী, বড়বাড়িয়া, আমননেহার, মেঘাই, ক্ষুদ বান্ধি, কাজিপুর, বিলদুয়ারিয়া, প্রজারপাড়া, চর সিংড়াবাড়ী, পূর্ব বেতগাড়ী, সিংড়াবাড়ী, হাটগাছা, সুতানারা, ভাটি মেওয়াখোলা, মাইজবাড়ী, ঢেকুড়িয়া, কুনকুনিয়া, পাইকরতলী, বানিয়াগাছা, যুক্তিগাছা, বিশিরগা, উজান মেওয়াখোলা, শানবান্দা, পীরগাছা, গোদার বাগ, বিলদলি, দাদবয়রা, খাসরাজবাড়ী, হাটশিরা, লক্ষীপুর, হাজরাহাটি, ভানু ডাঙ্গা, চর ভানু ডাঙ্গা, খুকশিয়া, গাড়াবেড়, গোদাগাড়ী, ভেটুয়া জগন্নাথপুর, চর ডগলাশ, চর মোমিন, ছালাল, সিন্দুর আটা, ঘুনাথপুর, জোড়মণি, গুজাবাড়ী, গুয়াখড়া, ভোলারদিয়া, রাজনাথপুর, চর নটি পাড়া, চর গিরিশ, বাউয়া মারী, উত্তর তেকানী, ফুলজোড়, নাটুয়ারপাড়া, খাস শুড়িবেড়, রেহাই শুড়িবেড়, জোড় গাছা, পানাগাড়ী, পার খুকশিয়া, জুমার খুকশিয়া, মানিক দাঈড়, আদিত্যপুর, কোনাবাড়ী, কিনারবেড়, দক্ষিণ তেকানী, চর পানাগাড়ী, চরদোরতা, চরপানাগাড়ি, পারদোরতা, চরজগন্নাথপুর, কাজলগ্রাম, নিশ্চিন্তপুর, গোয়ালবাথান, উত্তর ছালাল, শালদহ, ছিন্নাহ, চর শালদহ, শালগ্রাম, ভাওরামারী, দীঘল কান্দি, মাজনাবাড়ী, পূর্ব মাজনাবাড়ী, উত্তর কুমারিয়া বাড়ী ও দক্ষিণ কুমারিয়া বাড়ী।
	রায়গঞ্জ	১৯৩টি	আদিত্যবাড়ীয়া, আন্দ্রা, অজুনী, বাঁকাই, বাঁকাই, বড়ইল, বিনোদবাড়ী, চান্দের পাইকরা, ধামাইনগর, গোয়ালপাড়া, গোলতা, জামতৈল, খিয়াইল, খোদাদপুর, কোমরপুর, কৃষ্ণপুর, ক্ষিদ্র সুহারা, ক্ষিরতালা, কুড়চা, লক্ষিকোতলাতুর, মাঝডিয়া, মেছাবাড়িয়া, নবানকোটা, নেওপা, সাদ্রা, সারইল, শিবপুর, উত্তর ফরিদপুর, আকড়া, বন্দিহার, রানাইল, ভুঁইয়ট, ধনজাল, দোস্তপাড়া, গোপালপুর, গোথীতা, হাজিপুর, কলিয়া, খৈচালা, মধুপুর, মৌহার, নিমগাছি, পশ্চিম আটঘড়িয়া, পুল্লা, রুপাখাড়া, শিতলপাইক, সোনাখাড়া, শ্রীরামপুর, উঠরা হাজিপুর, আমসাড়া, বেতুয়া, চক দাউদ, চক ঘুঘাট, চৌধুরী ঘুঘাট, চুনিয়াখাড়া, ধুবিল কাতারমহল, ধুবিল মেহমানশাহী, গোপিনাথপুর, ইছাদহ, ঝাউল, খারিজা ঘুঘাট, মালতীনগর, নইপাড়া, সাতকুশি, শ্যামের ঘন, উত্তর পাড়া ভরমোহনী, শ্যামনাই, দেওভোগ, হাট ইচলা, খরদো রঘুনাথপুর, মরদিয়া, হারনি, ইচলাদিগর, ভুঞাগাতী, লাঙ্গালমোরী, চক গোবিন্দপুর, ঘুড়কা, রয়হাটি, জগন্নাথপুর, বাসুদেব কোলা, শ্রীরামের পাড়া, মধ্যপাড়া ভরমোহনী, চান্দাইকোনা, চকগাত্রা, সারটিয়া, নিঝুড়ি, সোনারাম, দেবরাহপুর, পারকোদলা, বিলধামাই, বল্লাভেংকর, সিমলা, খোদ দৌলতপুর, তবারী পাড়া, দাতিয়া দিগর, দেড়াগাতী, বেড়াবাজয়া, কোদলা দিগর, রূদ্রপুর, বাঐখোলা, ডুমরাই কাবারী পাড়া, পাইকড়া, খোকশাহাট, সরাইদহ, মোজাফ্ফারপুর, সরাই হাজীপুর, শ্যামঘোপ, লক্ষ্মী বিষ্ণুপ্রসাদ, প:লক্ষিখোলা, ঝাপাড়া, করিলাবাড়ী, আবুদিয়া,

			সোলিসাবলা, নলছিয়া, নিজপাড়া, বেতুয়া দিক্ষণপাড়া, রায়গঞ্জ, বিলচন্ডি, তেলীজানা, নলছিয়া, রৌহা, বাশুড়িয়া, আটঘটিয়া, পুর্ব আট ঘড়িয়া, ভিকনপুর, দরবস্ত, আলম চাঁদপুর, আংগারু, বিষ্ণুপুর, চকদাদের পাড়া, চক মনোহর, চর ফরিদপুর, দাদপুর, দত্তকুশা, গোপিনাথপুর, এরান্দহ ঝাকিড়ি, কাঠালবাড়িয়া, কুমেজপুর, পূর্ব মথুরামপুর, নলছিয়া, নলকা সেনগাতি, পূর্ব ফরিদপুর, রামপুর, সুজাপুর, তিন নান্দিনা, বেংনাই, ব্রাহ্মনবাড়িয়া, চকনুর, দেউলমোরা, গ্রাম পাংঙ্গাসী, কালিনজা, মাটিকরা, মিক্রতেঘরী, মিরের দেউলামোর নওদা শালুয়া, নারায়ন শালুয়া, নারুয়া, রামেশ্বর গাতী, শ্রীদাস গাতি, ব্রাহ্মনভাগ, বারইভাগ, বুদারগাতি চক মোহনবাড়ী, বাসুরিয়া, ভাত হারিয়া, বিশ্বাসপাড়া, ব্রহ্মগাছা, চাঁদপুর, বৈবাঞ্জী গাতি, ধমদাস গাতি, গোদগাতি, হামেন দামেন, হাসিল হোসেন, হাসিল রঘুনাথপুর, ইলাঙ্গা, জানিকী গাতী, কয়ড়া, কালিয়াবাড়ি, খামার গাতি, কুমার গারা, কুঠারগাতি, রান্ডিলা প্রাসাদ, তেবাড়িয়া, ধানগড়া পূর্ব, ধানগড়া পশ্চিম, ধানগড়া উত্তর, সিমলা,রায়গঞ্জ উত্তর, রায়গঞ্জ মধ্য, রনতিয়া পূর্বপাড়া, দাশেরপাড়া, ধানগড়া উত্তর পূর্ব, পূর্ব লক্ষীখোলা উত্তর পাড়া, রনথিয়া উত্তর বাগাবাড়ি, বেতুয়া উত্তর, ক্ষুদ্র বাশুরিয়া, পূর্ব লক্ষিখোলা, উত্তর পাড়া, গুণগাতি, মকিমপুর, চক মাথুর, মহেষপুর, রাজিবপুর, মহেষপুর পশ্চিমপাড়া, রামনাথ ঝাপড়া,
	বেলকুচি	১০৮টি	শদকাদা, বেলকুচি, দেলুয়া, মনতলা, হাটবয়ড়া, রান্ধুনী বাড়ী, বয়ড়া মাসুম, কোনাবাড়ি, মাইঝাইল, সমেশপুর, ভাতুরীয়া, বেড়াখারুয়া, মকিমপুর, চন্দ্রপাড়া, রাজাপুর, ভাতুরীয়া, মধ্য খামার, বামনবাড়িয়া, আগুড়িয়া, শাহাপুর, হরিনাথপুর, নাগগাতি, আজুগড়া, কামারপাড়া, ভাঙ্গাবাড়ি, দৌলতপুর, ধুলগাগড়াখালী, গোপালপুর, গোপরেখী, জামতৈল, ক্ষিদ্রগোপরেখী, মামুদপুর, কান্দাপাড়া, শোলাকুড়া, মেঘুল্লা, শালদাইড়, গোপালপুর, চর নবীপুর, মাধবপুর, বিন্নাকান্দি, ধুল গাগড়াখালী, পেস্তুক, সগুনা, কল্যানপুর, সর্বতুলসী, ধুলদিয়ার, কলাগাছি, মেটুয়ানী, খামার উল্লাপাড়া, সড়াতৈল, লক্ষীপুর, পিরার চর, ধুকুরিয়া, বাহ্মনগ্রাম, চর গোঘাট, বালাবাড়ী, ধুকুরিয়া বেড়া, গয়নাকান্দি, কলের চর, বালিয়া পাড়া, মেহের নগর, চরবেল, ভাঙ্গাবাড়ী, কাটেঙ্গা, ছোটধুল, দূর্লবগাতি, দিঘুলিয়া, জাঙ্গালিয়া, পূর্বপাড়া, গোয়ালবাড়ী, ক্ষিদ্রচাপড়ী, বড়ধূল,কৃর্তিখোলা, বিলমহিষা, আলোকাদিয়ার, গাছচাপড়ী, বনখোরী, বিন্নিবাড়ী, খিদির সূবর্নসাড়া, বয়ড়াবাড়ী, বেড়া খারুয়া, ক্ষিদ্রমাটিয়া, সোহাগপুর, বাঙ্গুয়া, চালা, জিধুরী, গাড়ামাসি, মুকন্দগাতি, কামারপাড়া, তামাই, কাজিপুর, আদাচাকী, বানিয়াগাতি, চক নলুয়া, নিশি বয়ড়া, সেন ভাঙ্গাবাড়ি, চন্দনগাতি, গাবগাছি, বিশ্বাসবাড়ি,. জোকনালা, ভুতিয়াপাড়া, শালদাইড়, খাস সোনামুখি, ক্ষিদ্রজোকনালা, শেলবরিষা,
	চৌহালী	১৫২টি	বেতিল, চাঁদপুর, সদিয়া, মাঝগ্রাম, এলঙ্গিআটা, শংকরহাটি, দেওয়ানতলা, উল্লাপাড়া, খামারগ্রাম, এনায়েতপুর, ধুলিয়াবাড়ী, বিন্দহ, মহেশপুর, শাহপুর, গোলাবাড়ী, কান্দিপাড়া, ইজারাপাড়া, রামজীবনপুর, উত্তর বারবয়লা, দক্ষিণ বারবয়লা, মৌহালী, রেহাই ইজারাপাড়া, বোয়ালকান্দি, রেহাইমৌশা, উড়াপাড়া,

			গাড়াবাড়ী, রসুলপুর, সন্তুশা, কোচগ্রাম, মালিপাড়া, বসন্তপুর, স্থল, হাটবয়রা, নয়াপাড়া, বয়রা, দিঘলকান্দি, স্থলচর, লাঙ্গালমুড়া, দশসিকা, খাস দশসিকা, হটিবাড়ী, ফলসাটিয়া, বিষ্ণুপুর, কান্দাপাড়া, মন্ডলভোগ, রেহাই মন্ডলভোগ, মিশ্রিগাতি, স্থল নৌঘাটা, চালুহারা, বাইশবাড়ী, তেঘরি, গোস্বাইবাড়ী, কুরাগাছা, রেহাই ফলসাটিয়া, খাস ফলসাটিয়া, ছোট চৌহালী, বড় চৌহালী, গোপীনাথপুর, চর জাজুরিয়া, খাস ধলাই, রেহাই কাউলিয়া, হুইপাড়া, রুয়াজানী, বার পাখিয়া, মুরাদপুর পূর্ব, মুরাদপুর পশ্চিম, চর ধিতপুর, ঘোরজান, বালিয়াকান্দি, হাট ঘোরজান, দক্ষিণ বরঙ্গাইল, উত্তর বরঙ্গাইল, দক্ষিণ তেঘরি, বোচারগাতি, ফুলহারা, বাকুলিয়া, শম্ভুদিয়া, ব্রি দাশুরিয়া, পাকুটিয়া, পাঁচ শিমুলিয়া, পয়লা, থাক মধ্য শিমুলিয়া, চৌবাড়িয়া, আরাজী বিল জলহর, সিংগুলি, উমরপুর, আতিয়া ধুপুলিয়া, কাটালিয়া, ধুপকাঠি, ইউসুফ শাহী সলংঙ্গী, আগ শিমুলিয়া, গোরেখী, দত্তকান্দি, পাচুরিয়া, হাপানিয়া, পাতরাইল, মিনাদিয়া, শম্ভুদিয়া-১, শম্ভুদিয়া- ২, রেহাই পাত শিমুলিয়া, ধুপুলিযা, বাউশা, বিল জলহর,চান্দের, খাস কাউলিয়া, চর কুরকী, বৈন্যা, চর কোদালিয়া, খাস পুকুরিয়া, মিটাইল, শাকপাল, বীর মাশুকা, খাস আর মাশুকা, দেলদারপুর, এওয়াজী ধুপুলিয়া, এওয়াজী পাকুলিয়া, এওয়াজী সূরা, এওয়াজী গয়নাকান্দি, এওয়াজী কাঠালিয়া, এওয়াজী আর মাশুকা, এওয়াজী সিংগুলী, হিজুলিয়া, আরমাশুকা, খাস দেলদারপুর ও বীরবাউনিয়া, রেহাই পুকুরিয়া, চর নাকালিয়া, বিনা নই পূর্ব, বিনা নই পশ্চিম, বাঘুটিয়া পূর্ব, বাঘুটিয়া পশ্চিম, ঘোসুরিয়া, হাটাইল উত্তর, হাটাইল দক্ষিণ, চৌবাড়িয়া উত্তর, চৌবাড়িয়া দক্ষিণ, চর সলিমাবাদ, মশিপুর-১, মশিপুর-২, গাড়াদহ, গাড়াদহ ভায়া বিশ্বাস, নবীপুর, বারৈ টেপরী ও মাকরকোলা।
	উল্লাপাড়া	২০৩টি	ধরাইল, চেংটিয়া, সামাইল দহ, মাঝি পাড়া, রহমিপুর, গঙ্গারামপুর, বিনায়েকপুর, শমিলা, মোড়দহ, বাঙ্গালা, চক বাঙ্গালা, মধ্য মহষেপুর, ভয় নগর, বয়ড়া, পশ্চমি সাতবাড়িয়া, আফার, মধূকোলা, পিয়ারাপুর, বানিয়াকৈড়া, প্রতাপ, আলিয়ারপুর, ঘোনা, দক্ষণি গাইলজানি, উত্তর মোহনপুর, কৈগাতি, পশ্চমি মহষেপুর, ফাজলি নগর, গাড়শ্বের, বলোই, গজাইল, খানপুর, খোদ্দ গজাইল, ভায়রা, দঘিল গাঁ, চয়ড়া, চান্ডাল গাঁতি, আগদঘিল গাঁ, পাছ দঘিল গাঁ, বোড়িয়া, কমল মরচি, বগুড়া, বতেকান্দি, পংখারুয়া, খোলহাড়িয়া, দত্ত খাড়ুয়া, খোদ্দ বংকরিট, উধুনিয়া, বাবুলী দহ, হাটিকুমরুল, চড়িয়াউজরি, চড়িয়া, চড়িয়াশিকার, হাসান পুর, ধোপাকান্দি, পাঁচলিয়া, রানী নগর, আলোকদিয়া, দাদনপুর, বাদুল্লাপুর, রশদিপুর, তারুটিয়া, পাটধারী, বাকুন্ডা, আমডাংগা, হাববিপুর, বাখুঁয়া, ভট্টকাওয়াক, রতন কাওয়াক, মন্ডল জানি, পারতেতুলিয়া, খালিয়াপাড়া, মাগুড়াডাঙ্গা, চালা, পংরৌহা, গোয়ালজানি, পূর্ণিমাগাতি, পুকুরপাড়, ছয়বাড়ীয়া, উত্তর বেতুয়া, মিজাপুর ভেংড়ী, ঘিয়ালা, ফলিয়া, কোমলকান্দি, মধুপুর, পূবরাম কৃষ্ণপুর, রশিপাড়া, গোপালপুর, পারকুল, পুঠিয়া, খোশালপুর, পশ্চমি কৃষ্ণপুর, সনেগাঁতি, দাদপুর, ফরদিপুর, বামনঘিয়ালা,

			কালাসিংবাড়ী, ভেংড়ী, পাগলা, বোয়ালিয়া, গুয়াগাঁতি, ব্রক্ষকপালিয়া, পূর্বদেলুয়া, ভূতগাছা, বড়হর, মৈত্র বড়হর, সড়াতৈল, তেতুলিয়া, জামালপুর, ধুনচী, খাসচর জামালপুর, ডৈফলবাড়ী, আঙ্গারপাড়া, র্দূগাপুর, দক্ষনি মোহনপুর, বধনগাছা, বাল্লোপাড়া , দহকোলা, কোনাবাড়ী, এলংজানী, পারএলংজানী, বলতৈল, স্বল্প মামুদপুর, সূজা, কালিয়াকৈড়, পশ্চমি বংকরিট, র্পূব বংকিরাট, দক্ষনিবেতুয়া, কৈবত্ততগাঁতী, পশ্চমি বামন গাঁও, নাদা, হাজীপুর, চন্ডিপুর, আলীপ্রাম, রামাইল গ্রাম, রাহুলিয়া, চন্দ্রগাতী, ছোট কোয়ালীবেড়, খাদুলী, বড় কোয়ালীবেড়, শ্রী পাঙ্গাসী, আগ গয়হাট্টা, চকপাঙ্গাসী, সয়ৈদপুর, শকুলহাট, নরসিংহ পাড়া, আড়ুয়া পাঙ্গাসী, চকখাদুলী, হাওড়া, চাকশা, বড়পাঙ্গাসী, সলপ, রামগাঁতী, ভাবকী, গোবন্দিপুর, বামাইল, কানসোনা, শ্রীবাড়ী, হাড়িভাঙ্গা, কোনাবাড়ী মধু, র্পূবলক্ষীকোলা, নওকৈর, জোলাহাটি, সোনতলা, তারাবাড়ীয়া, নলসোন্দা, রামনগর, বন্যাকান্দি, কালীগঞ্জ তেতুলিয়া, রাঘববাড়ীয়া, র্পূবকৃষ্ণপুর, দমদমা, কোচবতেকান্দি, শাওকোলা, র্পূবভদ্রকোল, মাটিকোড়া, বতেবাড়ী, রামকান্তপুর, র্পূবসাতবাড়ীয়া, পঞ্চক্রোশী, রাখালগাছা, দাদপুর, নগরকয়ড়া, জঙ্গালখামার, খামারপাড়া, সড়াতলা, চড়ুইমুড়ী, হোড়পাড়া, মুহিষাখোলা, বাঘলপুর, আগকয়ড়া, র্দূগানগর, নন্দীগাঁতী, পাইকপাড়া, পারসোনতলা, বালসাবাড়ী, যোগিনীবাড়ী, মরিচা, মহানন্দপাড়া, র্পূবমহশেপুর, পশ্চমি লক্ষীকোলা, ভরৈব, ক্ষুদ্র মনোহারা, বড় মনোহারা, হমেন্তবাড়ী, শ্যামপুর, প্লু বামনগাঁও, বড়ো পাতিয়া, মূল বাড়ীয়া, রাজমান, রাউতান, ভাটবেড়া, ভাদালিয়াকান্দি, রাঙ্গাটিয়া, সল্প মনোহারা, ডুবডাঙ্গা, সলঙ্গা , বনবাড়ীয়া, গোজা, নাইমুড়ি, সাতটকিরী, তলেকুপি, বড়ো, দক্ষনি পাড়া ভরমোহনী, আংগারু, জগজীবনপুর , চৌবিলা , সিংগা, রুয়াপাড়া, শরফি সলঙ্গা, উত্তর পুস্তিগাছা, শহরিয়ারপুর, আগরপুর, খোদ্রসমিলা, রৌহাদহ, নলুয়া দিঘি, মাহমুদপুর, খৈইশ্বর, চৈত্রাহাটি, কৈমাঝিড়া, জালসুখা, পাঁচান, কুমার গাইলজানি, পশ্চমি রামকৃষ্ণপুর, দক্ষনি পুস্তগাছা, নন্দকুশা, শলি, কালিকাপুর, হরনিচরা, ভট্টমাঝিরা, বাদেকুশা, অলদিহ, ভেংড়ী, রহিমাবাদ, শ্রীকোলা, বারইয়া, ঝিকিড়া, ঘাষেগাঁতী, এনায়তেপুর, ভট্টকাওয়াক, বাখুঁয়া (আংশকি), সিংহগাঁতী (আংশকি), শ্রীফলগাঁতী, নেওয়ারগাছা
	শাহাজাদপুর	২৫৪টি	বলদিপাড়া হলদিঘর, বিলইরিল, বর্জবালা, বীর আঙ্গারু, চরহরিপুর, হরিরামপুর, কায়েমকোলা, কায়েমপুর, খাড়–য়াজঙ্গালা, পশ্চিম খাড়–য়া, স্বরাতলী, শায়েস্থাবাড়িয়া, বারাই তেপরি, বহাটা গাড়াদহ, গাড়াদহ, গাড়াদহ বিশ্বাস, মাকারকোলা, মাসিপুর, নবিপুর, পুরানতেপরি, আলোকাদিয়া, বহালবাড়ি, বেজগান্তি, চক পোতাজিয়া, নগরবয়েরা, নুকালি, নুনদাহ, পোতাজিয়া, রাউতারা, সাকতালা, টেউরবান্দা, আহমেদপুর, বাঘাবাড়ি, বাঘাবুনিয়াল, বাঘুটিয়া, বড় বুনয়াদারি, বহুলবাঘুটিয়া, বিল কলমি, চক আইমা, চয়েরা, ধুনাইল, চৌহুটা বুনয়াদারি, কারশালিকা, লোকনা, মোয়াখোলা, রামকৌহরা, রুবাবাটি, সান্তোশা, শিলাচাপড়ি, বারনিয়া, বয়েরা, বেনতিয়া,

			দত্তদুরতা, দুরতামিহি, দুগালি, গালা, গারজানা, কাশিপুর, কাশচর পিছাখোলা, পাইকান্দা, তারাতাইয়া, বচড়া, বাধিখোলা, বাশুরিয়া, বোগিরহাট পুটিয়া, চকজমিরতা, কাকুড়িয়া, কিসমাট জমিরতা, নন্দলালপুর, পোরজানা, রানিখোলা, উল্টাডাব, বাজিয়ারপাড়া, বেড়াকচুটিয়া, দেয়া, ফরিদপাঙ্গাসী, হামলাখোলা, ইশ্বরদ্বী, কুমিরঘোয়ালিয়া, নগরডালা, নারুউয়া, পাঙ্গাসী ফরিদ, রয়পুর, শ্রীপালতোলা, শাহাজাদপুর (পাট), রতনকান্দি (পাট), আজবেড়া, আগনুখালী, বেলতৈল, বেতকান্দি, চর বেতকান্দি, ধরজামতেল, ঘোরশাল, গোপিনাথপুর, কাদিয়াবদলা, মালতিডাঙ্গা, মরাকাদিয়া,সাতবাড়িয়া, তেলকুপি, আড়কান্দি, ব্রহমগাঁও, জগিবাড়ি, খুকশাবাড়ি, খুকনী, রুপনাই, রুপশি, ভাটদিঘুলিয়া, ভাটপাড়া,ঘুড়িবাড়ি, গোপালপুর, হাটপাচিল, জাগতেল, জয়পুর, কচুয়া, কৈজুরী, কায়ানাথাই, মৌকুরী, থুটিয়াপাচিল, পূর্বকারুয়া, পশ্চিম চরিয়াপাচিল, আগবানঘানা, আরাজি বানাটিওর, বানাতিওর, বানিয়া শিঙ্গুলি, বড়চানতারা, ভামুরিয়া, ছোট চানতারা, দায়কান্দি, দাশুড়িয়া, দোহিতপুর, হর দিঘুলিয়া, ক্ষুদ্র দাশুড়িয়া, কুরসি, মাকড়া, পঞ্চবাংলা, সোনাতনী, শ্রীপুর, বাতিয়া, চর নরিনা, নরিনা, নারায়ানদহা, পাড়কোলা, বিহকা, সেন্টার চর, ধাউদাশ পট্টি, ঘাটিবাড়ি, জালালপুর, লুকানপাড়া, মালকান্দি, পাকুড়তলা, পূর্বশরাতেল, সায়েদপুর, শক্তিদাহপুর, পারুলকান্দি, হরিনাথপুর, পরাণপুর, রশিকপুর, পাইকপাড়া, রৌহাবাড়ী, কৃষ্ণ গোবিন্দপুর, সোনামুখী, স্থলবাড়ী, গাড়াবেড়, কবিহার, বর্শী ভাঙ্গা,ভানুডাঙ্গা, সাতকয়া, হাটশিরা, মাথাইল চাপড়, ভবানীপুর, দুর্গতিয়াপাড়া, চালিতা ডাঙ্গা, লক্ষীপুর, কাচিহারা, খুকশিয়া, পশ্চিম বেতগাড়ী, কালিকাপুর, পাটাগ্রাম, বড়ইতলা, মীরারপাড়া, আলমপুর ও গান্ধাইল, শুভগাছা, ঝুনকাইল, দোয়েল, চোরমারা, বয়রাবাড়ী, একডালা, রৌহাবাড়ী, বড়বাড়িয়া ও আমননেহার, মেঘাই, ক্ষুদ বান্ধি, কাজিপুর, বিলদুয়ারিয়া, প্রজারপাড়া, চর সিংড়াবাড়ী, পূর্ব বেতগাড়ী ও সিংড়াবাড়ী, হাটগাছা, সুতানারা, ভাটি মেওয়াখোলা, মাইজবাড়ী, ঢেকুড়িয়া, কুনকুনিয়া, পাইকরতলী ও বানিয়াগাছা, যুক্তিগাছা, বিশিরগা, উজান মেওয়াখোলা, শানবান্দা, পীরগাছা, গোদার বাগ, বিলদলি, দাদবয়রা, খাসরাজবাড়ী, হাটশিরা, লক্ষীপুর, হাজরাহাটি, ভানু ডাঙ্গা, চর ভানু ডাঙ্গা, খুকশিয়া, গাড়াবেড়, গোদাগাড়ী, ভেটুয়া জগন্নাথপুর, চর ডগলাশ, চর মোমিন, ছালাল, সিন্দুর আটা, ঘুনাথপুর, জোড়মণি, গুজাবাড়ী, গুয়াখড়া, ভোলারদিয়া, রাজনাথপুর, চর নটি পাড়া, চর গিরিশ, বাউয়া মারী, উত্তর তেকানী, ফুলজোড়, নাটুয়ারপাড়া, খাস শুড়িবেড়, রেহাই শুড়িবেড়, জোড় গাছা, পানাগাড়ী, পার খুকশিয়া, জুমার খুকশিয়া, মানিক দাঈড়, আদিত্যপুর, কোনাবাড়ী, কিনারবেড়, দক্ষিণ তেকানী, চর পানাগাড়ী, চরদোরতা, চরপানাগাড়ি, পারদোরতা, চরজগন্নাথপুর, কাজলগ্রাম, নিশ্চিন্তপুর, গোয়ালবাথান,উত্তর ছালাল, শালদহ, ছিন্নাহ, চর শালদহ, শালগ্রাম, ভাওরামারী, দীঘল কান্দি, মাজনাবাড়ী, পূর্ব মাজনাবাড়ী, উত্তর কুমারিয়া বাড়ী ও দক্ষিণ কুমারিয়া বাড়ী।

	তাড়াশ	১৭৮টি	তাড়াশ, কহিত, ক্ষুদ্রমাঝি, বনপাড়া, ঘোলচাড়িয়া, বড়গ্রাম, চরজয়কৃষ্ণপুর, মঙ্গলবাড়িয়া, ষোলাপাড়া, চরমাগুরা, খাটিগাছা, কাউরাইল, বোয়ালিয়া, চরগোপীনাথপুর, মথুরাপুর, কলামূলা, চক কলামূলা, খসালপুর, জৈন্তিপুর, ভানর গাড়ী, বড়ইচড়া, ভেংরী, রোকনপুর, তারাটিয়া, হাড়িসোনা, কুন্দাশোন, দামড়া, দেওঘর, পাড়িল বড়ইচড়া, চক দেবী রামপুর, চৌড়া, পাড়িল, লাউতা, গোন্তা, চাদপুর, উপ সিলেট, নামা সিলেট, মানিক চাপড়, গুল্টা, গুল্টা গোলাপুর, পান্তুরা, পদ্মপাড়া, তালম আদার পাড়া, তালম, কাটাবাড়ী, কুশাবাড়ী, পোয়াতি, সগুনা, মাকরশোন, লালুয়া মাঝিড়া, কামারশোন, ধাপ তেতুলিয়া, ভেটুয়া, কুন্দইল, আরাজী ভেটুয়া, বিন্নাবাড়ী, বিল বিন্নাবাড়ী, বিল টেপিগাড়ী, সরাপপুর, ঝুড়ঝুড়ি, সোনাপাতিল, ওয়াশীন, বলভা, বেনাশীন, চক সরাপপুর, কাঞ্চনেশ্বর, চলাগাড়ী, জাহাঙ্গীরগাতি, পৌষা, বিলাসপুর, কাস্তা, মালশীন, গুরমা, ক্ষোদ্র মাধাইনগর, ধনকুনশী, মরা শকুনা, উত্তর মথুরাপুর, গুয়ারাখি, শুভার, মাদারজানি, ভিকমপুর, ভাদাস, মাধাইনগর, বারুহাস, সরাবাড়ী, সাচানদিঘী, দিঘড়িয়া, সানরা, মনোহরপুর, বস্তুল, পলাশী, বটগাড়ী, ছোট পোয়াতা, বড় পোয়াতা, লাঙ্গালমুড়া, লাউসোন, রানীদিঘী, পেংগুয়ারী, কাজীপুর, শিবপুর, বৈদ্যনাথপুর, বিনসারা, আসানবাড়ী, চৌবাড়িয়া, চক মির্জাপুর, কোহিত তেতুলিয়া, কুসুম্বি, চৌবাড়িয়া চকি, বিনোদপুর, নওগা, হাসানপুর, বিনোদভাটরা, বড়ভাটরা, মহষিকুটি, দেবীপুর, মহষিরৌখালী, বীররৌহালী, পঙরৌহালী, ভায়হাট, কালূপাড়া, খালকুল্লা, মাটিয়ামালিপাড়া, চৌপাকিয়া, ইসলামপুর, বানিয়াবহুর, চকরসুল্লা, শাকোয়াদিঘী, খোলাবাড়িয়া, কালিদাসীনিলি, দেওড়া, দেশীগ্রাম, দুলিশ্বর, শাকমল, জন্তিহার, উষাইকোল, নাড়াতেঘরী, মেঘার চড়া, ভোগলমান, সদানন্দপুর, ক্ষিরপোতা, উত্তর শ্যামপুর, বলদীপাড়া, সিঙ্গারপাড়া, শিলংদহ, পশ্চিম পাইকড়া, কুমাল্লু, বিষমডাঙ্গা, ভাটারপাড়া, ঘেচুগাড়ী, আরঙ্গাইল, কর্নঘোষ, রাধাকান্তপুর, ধলাপাড়া, ক্ষিরশীন, গুড়পিপুল, চন্ডিভোগ, টাগরা, বড় মাঝ দক্ষিণা, ছোট মাঝ দক্ষিণা, কৃষ্ণপুর, দীঘি শকুনা, মাগুরা বিনোদ, মাগুরা মকুন্দ, ঘরগ্রাম, দবিলা, ললুয়াকান্দি, হামকুড়িয়া, দক্ষণি শ্যামপুর, হামকুটিয়া, চর হামকুটিয়া, নাদু সয়ৈদপুর,
	কামারখন্দ	৫৫টি	রসুলপুর, বারাকান্দ, শাহবাজপুর, ধলশ্বের, তাজলপাড়া, শ্যামপুর, বাঁশবাড়ীয়া, কাজীপুরা, চৌবাড়ী, বলরামপুর, রায়দৌলতপুর, দশসকি কুড়া উদয়পুর, কুড়া, কুড়া উদয়পুর, পন্তেক, জামতলৈ, কণসূতী, কামারখন্দ, পাকুরয়ি, টংরাইল, ধোপাকান্দ, হালুয়াকান্দ, টংরাইল, টংরাইল, নান্দনি মধু, ভারার চর, ভদ্রঘাট, চরৈগাঁত, ধামকলৈ, বানয়িগাঁত, মঘোই ভদ্রঘাট, ক্ষদ্রিঘাট, মধ্য ভদ্রঘাট, দোগাছ, উদয়কৃষ্ণপুর, পুরান দোগাছ, মুগ বলেই, সয়ৈদগাঁত, চৌদুয়ার, বয়িরা, ছোট ধোপাকান্দ, নান্দনি কামালয়ি, গাড়াবাড়ী,চরগাড়া বাড়ী, ঝাটবিলোই, কোনাবাড়ী, স্বল্পমাহমুদপুর, জয়নেবড়ধুল, খামার বড়ধুল, ময়নাকান্দ, পাঁচবাড়য়ি, চালা, চকশাহবাজপুর, ভারাংগা, ঝাঐল, চাঁদপুর, মামুদাকোলা, বাগবাড়ী, বালুকোল, তঘেরী, পাইকশা, লাহড়ি বাড়ী
	০৯টি	**১৪৭২টি**	

১.৩.৩ জনসংখ্যা:

সিরাজগঞ্জ জেলায় মোট জনসংখ্যা-৩০,৯৭,৪৮৯জন, পুরুষ-১৫,৫১,৩৬৮, মহিলা-১৫,৪৬,১২১ ও মোট পরিবারের সংখ্যা-৭,১৫,০১২ টি রয়েছে।

উপজেলার নাম	পুরুষ	মহিলা	শিশু (০-১৫)	বৃদ্ধ (৬০+)	প্রতিবন্ধি	মোট জনসংখ্যা	পরিবার/খানা	ভোটার
সিরাজগঞ্জ সদর	২৭৯১১৩	২৭৬০৪২	২৭৭৫৭	৫৫৫১৫	৫২৩৭৫	৫৫৫১৫৫	১২৫৪৮৫	৩৫৩৭৮৮
কাজিপুর	১৩৪৯৯২	১৩৯৬৮৭	১৩৭৬২	২৭৪৬৮	২৬২২৫	২৭৪৬৭৯	২৭৪৬৭৯	১৮৩৩১৫
রায়গঞ্জ	১৫৮৬০৪	১৫৯৫৬২	১৫৮৮৩	৩১৭৬৬	৩০২৬৫	৩১৭৬৬৬	৭৭১৯৮	১০২২২৭
তাড়াশ	৯৭৪৪৭	৯৯৭৬৭	৯৮৬০	১৯৭২১	১৮৭১৪	১৯৭২১৪	৪৮৯৪২	১২৭১২৭
উল্লাপাড়া	২৬৯৪৮১	২৭০৬৭৫	২৭০০৮	৫৪০১৫	৫২০১২	৫৪০১৫৬	১২৩৮৬৪	৩৪৭০৪০
শাহাজাদপুর	২৮৩৩৩০	২৭৭৭৪৬	২৮০৫৩	৫৬১০৭	৫১৩২৫	৫৬১০৭৬	১২৩৮৬৪	৩৪৭০৪০
চৌহালী	৮০২৫২	৭৯৮১১	৯৬০৩	১৯২০৭	১৬০৬৩	১৬০০৬৩	৩৯৮৭২	৮৭২৮৪
বেলকুচি	১৭৯৭৩৮	১৭৩০৯৭	২৪৬৯৮	৪৯৩৯৭	৩২০৬৫	৩৫২৮৩৫	৭৪৪৫০	২১৫৯৯৩
কামারখন্দ	৬৮৪১১	৭০২৩৪	৯০১২	১৮০২৪	১৩২৪৫	১৩৮৬৪৫	৩১৯১	৮৯৯৯২
মোট	১৫৫১৩৬৮	১৫৪৬১২১	১৬৫৬৩৬	৩৩১২৭২	২৯২২৪৯	৩০৯৭৪৮৯	৭১৫০১২	১৮৬৩২০৩

তথ্য সূত্র : জেলা নির্বাচন অফিস,সিরাজগঞ্জ

১.৪ অবকাঠামো ও অ-অবকাঠমো সংক্রান্ত তথ্য সমূহ নিম্নে সংক্ষেপে বর্ণনা করা হলো :

১.৪.১ অবকাঠামো :

বাঁধ :

সিরাজগঞ্জ জেলায় মোট ৮০ কিলোমিটার বাঁধ রয়েছে। বাঁধগুলোর গড় উচ্চতা আর এল (রিডিউস লেভেল) ৫.৫ থেকে ৭ মিটার। প্রতিবছর বর্ষায় বাঁধগুলো কমবেশী ক্ষতিগ্রস্ত হয়। এজন্য প্রতিবছরই বাঁধগুলো সংস্কারের প্রয়োজন পড়ে। উল্লেখ্য যে, সিরাজগঞ্জ জেলা রক্ষার জন্য যমুনা নদীর ধার দিয়ে বিশাল একটি **হার্ড পয়েন্ট** বাঁধ আছে, যার দৈর্ঘ্য ২৫৫০মিটার। বিশাল বাঁধটি পাথর, কনক্রিট দিয়ে নির্মিত। এই বাধেঁর উপর একটি ইকো পার্ক আছে। অত্র এলাকার জনগন এবং পর্যটকেরা বাঁধটি বিনোদন কেন্দ্র হিসেবে ব্যবহার করে।

উৎসঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সিরাজগঞ্জ।

স্লুইচ গেইট : সিরাজগঞ্জ জেলায় ২৮টি স্লুইচ গেইট রয়েছে। এর মধ্যে ১৯ টি সচল এবং ০৯ টি অকেজো রয়েছে।

উৎসঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সিরাজগঞ্জ।

ব্রীজ : সিরাজগঞ্জ জেলায় ব্রীজের সংখ্যা ১,৯৮৫টি রয়েছে। এর মধ্যে সড়ক ও জনপদ এর আওতাধীন ৮৩৫ টি এবং এলজিইডি-এর আওতাধীন ১১৫০ টি ব্রীজ রয়েছে। সবগুলো ব্রীজই সচল রয়েছে।

উৎসঃ সড়ক ও জনপদ বিভাগ এবং এলজিইডি, সিরাজগঞ্জ।

কালভার্ট : সিরাজগঞ্জ জেলায় কালভার্টের সংখ্যা ৩,০১৯টি রয়েছে। এর মধ্যে সড়ক ও জনপদ এর আওতাধীন ১০৪২ টি এবং এলজিইডি-এর আওতাধীন ১৯৭৭ টি কালভার্ট রয়েছে। এগুলোর মধ্যে ২৯৭৫ টি সচল এবং ৪৪ টি অকেজো রয়েছে।

উৎসঃ সড়ক ও জনপদ বিভাগ এবং এলজিইডি, সিরাজগঞ্জ।

রাস্তা : সিরাজগঞ্জ জেলায় মোট ১,৬৭৩টি রাস্তা আছে, যার দৈর্ঘ্য ৪,৪৭৫কিলোমিটার, এর মধ্যে পাকা রাস্তা ৯২৯ কি: মি:, কাঁচা রাস্তা- ৩৪০৭ কি:মি:।রাস্তাগুলোর গড় উচ্চতা ৬ ফুট। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, জেলায় মোট ৪৪৭৫ কি.মি. রাস্তার মধ্যে ১২৪২কি.মি. রাস্তা বন্যা ঝুঁকিমুক্ত।

উৎসঃ সড়ক ও জনপদ বিভাগ এবং এলজিইডি, সিরাজগঞ্জ।

সেচ ব্যবস্থা : সিরাজগঞ্জ জেলায় মোট ১০২৯৯০টি নলকুপ রয়েছে যার মধ্যে গভীর নলকুপ-৭৫২টি, হস্তচালিত নলকুপ সরকারী-৩১,৩৩৮টি, ব্যাক্তি মালিকানাধীন- ৬৫,৭৮৮টি, শ্যালোমেশিন-১,২৯০টিসহ মোট ৯৫,১২৬টি নলকুপ চালু রয়েছে, বন্ধ আছে ৩,৮২২টি নলকুপ। সিরাজগঞ্জ জেলার সেচ ব্যবস্থার তালিকা সংযুক্ত করা হলো।

তথ্য সূত্র : বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশন।

হাটবাজার :

সিরাজগঞ্জ জেলায় মোট ৫০টি হাট বাজার রয়েছে, হাট বাজর গুলো শনিবার, মঙ্গালবার ও বৃহস্পতিবার বসে। ৫০টি হাট বাজারের মধ্যে দোকানের সংখ্যা ১১,২৮৫টি, এবং সমিতির সংখ্যা ৫০টি। সিরাজগঞ্জ জেলার হাট বাজারের তালিকা সংযুক্ত করা হলো।

উৎসঃ জেলা পরিসংখ্যান অফিস, সিরাজগঞ্জ।

১.৪.২ সামাজিক সম্পদ:

ঘরবাড়ি :

সিরাজগঞ্জ জেলায় মোট ঘরবাড়ি/পরিবার/খানার সংখ্যা ৭,১৫,০১২টি, এর মধ্যে পাকা ঘর-২,৫০,২৫৪টি এবং কাঁচা ঘর-৪,৬৪,৭৫৮টি রয়েছে। এর মধ্যে কাঁচা, পাকা, আধাপাকা, ছনের এবং টিনের ঘর উল্লেখযোগ্য। কাঁচাঘর সাধারণতঃ মাটি, টিন, ছন, ইকর, বাঁশ ইত্যাদি উপকরণ দিয়ে তৈরি করা হয়। পাকা ঘর তৈরি করা হয় ইট, বালি, সিমেন্ট, রড, পাথর ইত্যাদি দিয়ে। আবার আধাপাকা ঘর ইট, বালি, সিমেন্ট, রড ও টিন দিয়ে তৈরি করা হয়। এছাড়া, ছনের ঘর ছন ও ইকর বেড়া দিয়ে এবং টিনের ঘর টিন, কাঠ ও লোহা দিয়ে তৈরি করা হয়।

উৎসঃ জেলা পরিসংখ্যান অফিস, সিরাজগঞ্জ।

পানি :

সিরাজগঞ্জ জেলায় মোট ১,০২,৯৯০টি নলকুপ রয়েছে যার মধ্যে গভীর নলকুপ-৭৫২টি, হস্তচালিত নলকুপ সরকারী-৩১,৩৩৮টি, ব্যাক্তি মালিকানাধীন- ৬৫,৭৮৮টি, শ্যালোমেশিন-১,২৯০টিসহ মোট ৯৫,১২৬টি নলকুপ চালু রয়েছে, বন্ধ আছে ৩,৮২২টি নলকুপ।সিরাজগঞ্জ জেলার নলকূপের তালিকা সংযুক্ত করা হলো।

তথ্য সূত্র : বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশন, সিরাজগঞ্জ।

পয়:নিষ্কাশন :

সিরাজগঞ্জ জেলায় মোট ৪,৪৪,১২২টি স্বাস্থ্যসম্মত পায়খানা রয়েছে। এর মধ্যে ১,৫৫,৪৪৩টি স্বাস্থ্যসম্মত পায়খানা বন্যা লেভেলের উপরে স্থাপন করায় পায়খানাগুলো বন্যার সময়ে ব্যবহার উপযোগী থাকে। সিরাজগঞ্জ জেলার ৬৫% অধিবাসী স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহার করে। সিরাজগঞ্জ জেলার পয়:নিষ্কাশন-এর তালিকা সংযুক্ত করা হলো।

তথ্য সুত্র : মো: তবিবুর রহমান,০১৭১৪-৯৭২৯৮২, জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর,সিরাজগঞ্জ

শিক্ষাপ্রতিষ্ঠান:

সিরাজগঞ্জ জেলায় মোট ৬২৯ টি সরকারি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে মোট ৫,৬৭৫ জন শিক্ষক শিক্ষিকার তত্ত্বাবধানে মোট ৩,০৩,৩৭৫ জন শিক্ষার্থী পড়াশুনা করছে। এর মধ্যে মোট ৩৪৫ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২,৪১৫ জন শিক্ষক শিক্ষিকা কর্মরত রয়েছেন। এতে ২,৫২,১৪০ জন শিক্ষার্থী পড়াশুনা করছে। এছাড়া, জেলার মোট ১৪৮ টি সরকারি ও বেসরকারি উচ্চ বিদ্যালয়ে ১,৪৫২ জন শিক্ষক শিক্ষিকার তত্ত্বাবধানে ৫২,১৯৬ জন শিক্ষার্থী পড়াশুনা করছে। জেলার মোট ৯৬ টি মাদ্রাসায় ১,২৩৫ জন শিক্ষক শিক্ষিকা কর্মরত রয়েছেন। এতে ৩২,৮৭০ জন শিক্ষার্থী পড়াশুনা করছে। জেলায়-২টি বিশ্ববিদ্যালয় রয়েছে, বিশ্ববিদ্যালয়ে ৬৫ জন শিক্ষক/শিক্ষিকা কর্মরত আছেন। এতে ৯৮২জন শিক্ষার্থী পড়াশুনা করছে।

উৎসঃ উপজেলা প্রাথমিক ও উচ্চ মাধ্যমিক অফিস, সিরাজগঞ্জ।

ধর্মীয় প্রতিষ্ঠান:

সিরাজগঞ্জ জেলায় মোট ৪,০৪৪টি ধর্মীয় প্রতিষ্ঠান রয়েছে। এর মধ্যে ৩,৫৬৭টি মসজিদ, ৪৭৭টি মন্দির রয়েছে। সিরাজগঞ্জ জেলার ধর্মীয় প্রতিষ্ঠানের তালিকা সংযুক্ত করা হলো।

তথ্য সূত্র :জেলা পরিসংখ্যান অফিস, সিরাজগঞ্জ

ধর্মীয় জমায়েতের স্থান (ঈদগাহ):

সিরাজগঞ্জ জেলায় মোট ১,২৯১ টি ধর্মীয় জমায়েত স্থান (ঈদগাহ) রয়েছে। ঈদগাহগুলো জেলার ০৯ টি উপজেলায় বিদ্যমান।

উৎসঃ জেলা পরিসংখ্যান অফিস,সিরাজগঞ্জ

স্বাস্থ্য সেবা:

সিরাজগঞ্জ জেলায় ১ টি জেলায় জেনারেল হাসপাতাল, ১ টি মা ও শিশু কল্যাণকেন্দ্র, ১ টি বক্ষব্যাধি হাসপাতাল, ১ টি ডায়েবেটিক হাসপাতাল, ৮ টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ৬৫ টি স্বাস্থ্য ও পরিবার কল্যাণকেন্দ্র, ৩৪৪ টি কমিউনিটি ক্লিনিক এবং উপ-স্বাস্থ্য কেন্দ্র-৩১টি রয়েছে। জেলায় চক্ষু হাসপাতালসহ মোট ৩৪ টি বেসরকারি স্বাস্থ্যসেবা কেন্দ্র রয়েছে। জেলার এসব স্বাস্থ্যকেন্দ্রে মোট ১১৭ জন ডাক্তার ও ১৫১ জন নার্স রয়েছে। সিরাজগঞ্জ জেলার স্বাস্থ্য সেবা কেন্দ্রের তালিকা সংযুক্ত করা হলো।

উৎসঃ **জেলা সিভিল সার্জন অফিস**, সিরাজগঞ্জ

ব্যাংক:

সিরাজগঞ্জ জেলায় বিভিন্ন ব্যাংকের মোট ৯৮ টি শাখা রয়েছে। এর মধ্যে সোনালী ব্যাংক, জনতা ব্যাংক, পূবালী ব্যাংক, রূপালী ব্যাংক, অগ্রণী ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, ডাচ বাংলা ব্যাংক, ইসলামী ব্যাংক, প্রাইম ব্যাংক,ওয়ান ব্যাংক, ঢাকা ব্যাংক, প্রিমিয়ার ব্যাংক, ইত্যাদি উল্লেখযোগ্য। ব্যাংকগুলো এখানে কৃষিঋণ, ব্যবসা ঋণ, ক্ষুদ্রঋণ, আমানত সংগ্রহ ইত্যাদি সেবা প্রদান করে থাকে। সিরাজগঞ্জ জেলার ব্যাংকের তালিকা সংযুক্ত করা হলো।

উৎসঃ জেলার সংশ্লিষ্ট ব্যাংক, সিরাজগঞ্জ।

পোষ্ট অফিস :

সিরাজগঞ্জ জেলায় মোট ২১৪ টি পোস্ট অফিস রয়েছে। পোস্ট অফিসগুলো সিরাজগঞ্জ জেলার ০৯ টি উপজেলায় অবস্থিত। পোস্ট অফিসগুলো এখানে চিঠি ও পার্সেল আদান প্রদান, রেভিনিউ ও জুডিশিয়াল স্ট্যাম্প, পোস্টাল অর্ডার, মানি ট্রান্সফার ইত্যাদি সেবা প্রদান করে থাকে।

উৎসঃ জেলা পরিসংখ্যান অফিস, সিরাজগঞ্জ।

ক্লাব ও সংস্কৃতিক কেন্দ্র:

সিরাজগঞ্জ জেলায় মোট ৭৩১ টি ক্লাব/সাংস্কৃতিক কেন্দ্র ও ৯৫টি স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান রয়েছে। ক্লাব/সাংস্কৃতিক কেন্দ্রগুলো সিরাজগঞ্জ জেলার ০৯ টি উপজেলায় অবস্থিত। ক্লাব/সাংস্কৃতিক কেন্দ্রগুলো এখানে বিভিন্ন রকমের সমাজসেবা ও উন্নয়নমূলক কাজে সহায়তা করছে।

উৎসঃ জেলা সমাজসেবা অধিদপ্তর, সিরাজগঞ্জ।

 # এনজিও/ স্বেচ্ছাসেবী সংস্থাসমূহ:

ক্রমিক নং	এনজিও'র নাম	কি বিষয়ে কাজ করে	উপকারভোগীর সংখ্যা	প্রকল্পগুলোর মেয়াদকাল
০১	ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)	সঞ্চয়, অনুদান, নারীর ক্ষমতায়ন, প্রশিক্ষণ, পুনর্বাসন, স্বাস্থ্যসেবা, চরজীবিকায়ন।	৮৪৪৫	চলমান
০২	মানবমুক্তিসংস্থা (এমএমএস)	প্রতিবন্ধী উন্নয়ন, নারীর ক্ষমতায়ন, প্রশিক্ষণ, পুনর্বাসন, স্বাস্থ্যসেবা, চরজীবিকায়ন।	৭২১৫	চলমান
০৩	ঠেঙ্গামারা মহিলা সবুজ সংঘ (টিএমএসএস)	পুষ্টি ব্যবস্থাপনা, সঞ্চয়, ক্ষুদ্রঋণ, সঞ্চয়, বনায়ন।	১০৬২৫	চলমান
০৪	সোসিও হেলথ এন্ড রিহাবিলেটেশন প্রোগ্রাম (শার্প)	দুর্যোগ ব্যবস্থাপনা, স্বাস্থ্যসেবা, স্যানিটেশন, এসিড সন্ত্রাস নির্মুল,মানবাধিকার, স্বাবলম্বী, কৃষি।	৭৩৭৬৬	চলমান
০৫	গণ স্বাস্থ্য কেন্দ্র	শিক্ষা, স্বাস্থ্য সেবা ইত্যাদি	২১৩৫	চলমান
০৬	গণ কল্যাণ সংস্থা	সঞ্চয়, ক্ষুদ্রঋণ, নারীর ক্ষমতায়ন, কুটির শিল্প প্রশিক্ষণ, পুনর্বাসন।	৩৪৬৮	চলমান
০৭	দীপসেতু	সঞ্চয়, ক্ষুদ্রঋণ, নারীর ক্ষমতায়ন, কুটির শিল্প প্রশিক্ষণ, পুনর্বাসন, স্যানিটেশন।	৪৮৩৪	চলমান
০৮	হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এইচআরডিপি)	শিক্ষা উপকরণস রবরাহ, শিক্ষা প্রতিষ্ঠানের মাঠভরাট, কম্পিউটার প্রশিক্ষণ ইত্যাদি।	৩২১৪	চলমান
০৯	সমাজ উন্নয়ন কার্যক্রম (সুক)	সঞ্চয়, ক্ষুদ্রঋণ,নারীর ক্ষমতায়ন, প্রশিক্ষণ।	২৯৭৪	চলমান
১০	পল্লী রক্ষা সংস্থা (পরস)	সঞ্চয়, ক্ষুদ্রঋণ,নারীর ক্ষমতায়ন, প্রশিক্ষণ।	২৮৪৫	চলমান
১১	পটল সমাজ উন্নয়ন সংস্থা (পিএসইউএস)	সঞ্চয়, ক্ষুদ্রঋণ, প্রশিক্ষণ।	১৯৮৭	চলমান

ক্রমিক নং	এনজিও'র নাম	কি বিষয়ে কাজ করে	উপকারভোগীর সংখ্যা	প্রকল্পগুলোর মেয়াদকাল
১২	বাংলাদেশ ন্যাশনাল সোসাইটি ফর দি বস্নাইন্ড (বিএনএসবি)	বিনামূল্যে গরীব রোগীদের চক্ষু চিকিৎসা।	২০৩৬	চলমান
১৩	শিসউক	অভিবাসীদের পুনর্বাসন প্রক্রিয়াকরণ, শিক্ষা স্বাস্থ্য,এইচআইভিএইচ।	৩১০২	চলমান
১৪	উত্তরা ডেভেলপমেন্ট প্রোগ্রাম সোসাইটি (ইউডিপিএস)।	সঞ্চয়, ক্ষুদ্রঋণ, প্রশিক্ষণ, উদ্বুদ্ধকরণ, পশু সম্পদ উন্নয়ন।	২৪৩৬	চলমান
১৫	শক্তি ফাউন্ডেশন	সঞ্চয়, ক্ষুদ্রঋণ, প্রশিক্ষণ, উদ্বুদ্ধকরণ, পশু সম্পদ উন্নয়ন।	৪৩১২	চলমান
১৬	আরচেস	সঞ্চয়, ক্ষুদ্রঋণ, প্রশিক্ষণ, উন্নয়ন।	৩১২০	চলমান
১৭	সাউথ এশিয়াপার্টনাশীপ (স্যাপ)	সঞ্চয়, ক্ষুদ্রঋণ, প্রাঃশিক্ষা বিষয়ক, অন্ধ শিশুদের স্বাস্থ্য উন্নয়ন, পুনর্বাসন, নারীর ক্ষমতায়ন।	৪২৮৭	চলমান
১৮	ব্র্যাক	ক্ষুদ্রঋণ,সঞ্চয়, গবাদি পশুপালন, উপানুষ্ঠানিক শিক্ষা, স্যানিটেশন, উফশী বীজ উৎপাদন।	১০৮৩৫	চলমান
১৯	লেপ্রা বাংলাদেশ	যক্ষ্মা ও কুষ্ঠ রোগীদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান, প্রশিক্ষণ, পুনর্বাসন।	২৪৯৬	চলমান
২০	আশা	ক্ষুদ্রঋণ, সঞ্চয়, প্রশিক্ষণ।	৫৬৩৪	চলমান
২১	মেরী ষ্টোপস ক্লিনিক	প্রজনন স্বাস্থ্য সেবা	১৯৮৫	চলমান
২২	নারী ও শিশু কল্যাণ সংস্থা (এনএসকেএস)	ক্ষুদ্রঋণ, সঞ্চয়, প্রশিক্ষণ।	২৬৩৪	চলমান
২৩	সিরাজগঞ্জ উত্তরণ মহিলা সংস্থা	এ্যাডভোকেসি, মানবাধিকার, ওয়ার্কশপ, নারী ক্ষমতায়ন।	২৩৪৫	চলমান
২৪	এডিডি, বাংলাদেশ	প্রতিবন্ধী উন্নয়ন, পুনর্বাসন ইত্যাদি।	৩৪৬৮	চলমান
২৫	প্রোগ্রাম ফর পিপুল ডেভেলপমেন্ট (পিপিডি)	স্যানিটেশন, স্বাস্থ্য শিক্ষা ও পানি সরবরাহ (জিওবিইউনিসেফপ্রকল্প)।	৩৫২৪	চলমান
২৬	দীপ শিখা	ক্ষুদ্রঋণ, কৃষি, স্বাস্থ্য, স্যানিটেশন, শিক্ষা, প্রশিক্ষণ, মহিলা উন্নয়ন, আর্সেনিক, বনায়ন, পশুপালন, রাস্তা মেরামত, আদিবাসী উন্নয়ন।	৭৬২৫	চলমান
২৭	নিজেরা করি	সোস্যাল মোবিলাইজেশন, ভয়েস এ্যান্ডডেমোক্রাসী।	৪৬৮১	চলমান
২৮	গুডনেইবাস বাংলাদেশ	কৃষি, স্বাস্থ্য, যুব উন্নয়ন, স্থানীয় এনজিওদেরকে ক্ষমতায়ন করা।	৩৫৪৬	চলমান

ক্রমিক নং	এনজিও'র নাম	কি বিষয়ে কাজ করে	উপকারভোগীর সংখ্যা	প্রকল্পগুলোর মেয়াদকাল
২৯	বুরো বাংলাদেশ	ক্ষুদ্রঋণ, রেমিটেন্স, স্যানিটেশন, বৃক্ষরোপন, প্রশিক্ষণ।	৬৪৮২	চলমান
৩০	পরিবর্তন	সমাজের দুঃস্থ ভূমিহীন ও দরিদ্র মানুষের সহায়তা, শিক্ষা,স্বাস্থ্য, প্রতিবন্ধী, বনায়ন, পাঠাগার ও ঋণ সহায়তা।	৫৯৮৭	চলমান
৩১	ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ	শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, দুর্যোগ ও পুনর্বাসন।	৫৬২৪	চলমান
৩২	দারিদ্র নিবারণ কেন্দ্র (ডিএনকে)	মাইক্রোক্রেডিট, গৃহনির্মাণ ও অন্যান্য	৪৩২১	চলমান
৩৩	তিলোত্তমা মহিলা স্বেচ্ছা সেবী সংস্থা	প্রজনন স্বাস্থ্য, শিশু স্বাস্থ্য ও সংক্রমণ রোগ বিষয়ক নিয়ন্ত্রক।	৩৫২১	চলমান
৩৪	মুসলিম এইড ইউকো বাংলাদেশ ফিল্ড অফিস	ক্ষুদ্রঋণ, উঠান বৈঠকের মাধ্যমে জনগণকে স্বাস্থ্য সচেতন, বৃক্ষরোপণ	৩৪৫২	চলমান
৩৫	পল্লী শিশু ফাউন্ডেশন অব বাংলাদেশ (পিএসএফ)	পরিবার পরিকল্পনা ও শিশু সেবা	৪২৩৬	চলমান
৩৬	উত্তরায়ন জন কল্যাণ মহিলা সমিতি (ইউজেএমএস)	--	২৩১৫	চলমান
৩৭	হিউম্যান এইড সিরাজগঞ্জ (হ্যাস)	শিক্ষা, দরিদ্র মেধাবী শিক্ষা প্রকল্প, চিকিৎসা প্রকল্প, ইয়াতিম প্রকল্প, সেলাই প্রশিক্ষণ।	৬৮৪৩	চলমান
৩৮	চাইল্ড সাইট ফাউন্ডেশন (সিএসএফ)	কমপ্রিহেনসিভ প্রোগ্রাম ফর বস্নাইন্ডচিলড্রেন ইন বাংলাদেশ	২৪৫৪	চলমান
৩৯	সেন্টার ফর মাস এডুকেশন ইন সায়েন্স (সিএমইএস)	সুবিধা বঞ্চিত কিশোর-কিশোরীদের সাধারণ শিক্ষা, প্রযুক্তি শিক্ষা এবং জেন্ডার শিক্ষা	৪৩১৫	চলমান
৪০	সেল্টার	মানব পাচার প্রতিরোধ মূলক সচেতনতা কার্যক্রম।	৬৪৩০	চলমান
৪১	বাংলাদেশ প্রগতি সংস্থা (বিপিএস)	সম্পদ সমাবেশীকরণের মাধ্যমে বাসত্মবায়ন, গৃহায়ণ প্রকল্প, পানি ও পয়ঃনিষ্কাষণ, প্রতিবন্ধী উন্নয়ন ও পূনর্বাসন, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, সামাজিক বনায়ন, উপানুষ্ঠানিক শিক্ষা, দূর্যোগ পূর্ব প্রস্তুতি ও ব্যবস্থাপনা, এইচআইভি/এইডস গণসচেতনতা ও পুকুরপুনঃ খনন ও মৎস্যচাষ।	৮৬১৫	চলমান
৪২	প্রাকটিক্যাল এ্যাকশন-বাংলাদেশ		১৩৫৪	চলমান

ক্রমিক নং	এনজিও'র নাম	কি বিষয়ে কাজ করে	উপকারভোগীর সংখ্যা	প্রকল্পগুলোর মেয়াদকাল
৪৩	বাংলাদেশ এসোসিয়েশন ফর সোসাল এডভান্সমেন্ট (বাসা)	ভূমিহীন, প্রান্তিক এবং ক্ষুদ্র চাষীদের জন্য কৃষি ও বাজার ব্যবস্থা উন্নয়ন প্রকল্প (ফুডফ্যাসিরিটিপ্রকল্প)	৪৩৫২	চলমান
৪৪	ইকো সোস্যাল ডেভেলপমেন্ট অর্গারনাইজেশন (ইএসডিও)	ক্ষুদ্রঋণ, নিরাপদপানি, স্যানিটেশন, শিক্ষা, ভিজিডি মহিলাদের প্রশিক্ষণ।	৫৩১৫	চলমান
৪৫	ডেভেলপমেন্ট অর্গানাইজেশন অব দি রুরাল -পূয়র (ডরপ)	ক্ষুদ্রঋণ, নিরাপদপানি, স্যানিটেশন।	৪৩২৬	চলমান
৪৬	গ্রাম উন্নয়ন কর্ম কেন্দ্র (গাক)	ক্ষুদ্রঋণ ও প্রশিক্ষণ কার্যক্রম।	৪৩২৮	চলমান
৪৭	কারিতাস বাংলাদেশ	স্বাস্থ্য, এ্যানিমেল, পশু সম্পদ উন্নয়ন, প্রশিক্ষণ মাধ্যমে, বন্যার্তদের পুনর্বাসন।	৫৩১৫	চলমান
৪৮	ওয়াটার এইড	নিরাপদ পানি, স্যানিটেশন ও স্বাস্থ্যগত আচরণ পালনের মাধ্যমে বিশ্বের সবচেয়ে দরিদ্র কমিউনিটির জীবন যাত্রার মান উন্নতকরা।	৬৩২৮	চলমান
৪৯	ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার (ভার্ক)	শিখন কর্মসূচি (উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা)	১৫৫০	চলমান

খেলার মাঠ:

সিরাজগঞ্জ জেলায় মোট ৪৯৯ টি খেলার মাঠ রয়েছে। খেলার মাঠগুলো সিরাজগঞ্জ জেলার ০৯ টি উপজেলায় অবস্থিত। । এর মধ্যে ৭৫ টি খেলার মাঠ বন্যা লেভেলের উপরে হওয়ায় দুর্যোগের সময় এগুলো কাজে লাগে। ঐ সময় মাঠে মানুষ ও পশু সম্পদ আশ্রয় নিতে পারে। উৎসঃ জেলা পরিসংখ্যান অফিস, সিরাজগঞ্জ।

কবরস্থান/শ্মশান ঘাট:

সিরাজগঞ্জ জেলায় মোট ১০০৭ টি কবরস্থান ও ১৭২ টি শ্মশানঘাট রয়েছে। এগুলো সিরাজগঞ্জ জেলার ০৯ টি উপজেলায় অবস্থিত। অধিকাংশ কবরস্থান বন্যা লেভেলের উপরে হওয়ায় দুর্যোগের সময় বা বর্ষাকালে মৃতদেহ সৎকার করা সহজ হয়। অপরপক্ষে, বেশিরভাগ শ্মশানঘাট বন্যা লেভেলের নীচে হওয়ায় দুর্যোগের সময় বা বর্ষাকালে মৃতদেহ সৎকার করা কষ্টকর হয়। উৎসঃ জেলা পরিসংখ্যান অফিস, সিরাজগঞ্জ।

যোগাযোগ ও পরিবহন মাধ্যম:

জেলার সাথে যোগাযোগের মাধ্যম হল বাস, মিনিবাস, সিএনজি, লেগুনা, মোটর সাইকেল, ট্রাক, পিকআপ, লঞ্চ, নৌকা ও ইঞ্জিনচালিত নৌকা। স্থানীয় জনগণ বাস, মিনিবাস, সিএনজি, লেগুনা, মোটর সাইকেল, লঞ্চ, নৌকা ও ইঞ্জিনচালিত নৌকা ইত্যাদি পরিবহনের মাধ্যমে একস্থান থেকে অন্যস্থানে যাতায়াত করে থাকে। এছাড়া, ট্রাক, পিকআপ, লঞ্চ, ইঞ্জিনচালিত নৌকা ইত্যাদি পরিবহনের মাধ্যমে মালামাল একস্থান থেকে অন্যস্থানে নিয়ে থাকে। উৎসঃ জেলা পরিসংখ্যান অফিস, সিরাজগঞ্জ।

বন ও বনায়ন :

সিরাজগঞ্জ জেলায় বঙ্গবন্ধু যমুনা ইকো পার্ক আছে যার আয়তন ৬০০। বন বিভাগের উদ্যোগে সেখানে আকাশমনি, শিশু, ঝাউ, আম, নিম, কৃষ্ণচুড়া, শোনালুসহ বিভিন্ন প্রজাতির গাছ রোপন করা হয়েছে। তাছাড়া সিরাজগঞ্জ জেলার বিভিন্ন স্থানে, বাঁধ, সওজ ও রেলওয়ের ৬৭৭কি:মি: রাস্তায় স্থানীয় সরকার, ব্যক্তিমালিকানা ও বিভিন্ এনজিওদের উদ্যোগে আকাশমনি, নিম, শিশু, কাঁঠাল, কড়ুই, মেহগনি, অর্জুন, বাবলা, চিকরাশি, বহেরা, গামার, আম, জাম, হরতকি, ও আমলকিসহ বিভিন্ন প্রজাতির বনজ ও ঔষধী গাছ রয়েছে। সিরাজগঞ্জ জেলার বনায়নের তালিকা সংযুক্ত করা হলো-

উৎসঃ বনবিভাগ, সিরাজগঞ্জ।

১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু :

বৃষ্টিপাতের ধারা:

বার্ষিক গড় বৃষ্টিপাত ১৬১০ মিঃ মিঃ। সাধারণত বর্ষা মৌসুমেই পর্যাপ্ত বৃষ্টিপাত হয়ে থাকে। তবে অন্যান্য মৌসুমে বৃষ্টিপাত খুবই কম হয়। ইদানিং লক্ষনীয় যে, স্বাভাবিকের তুলনায় বৃষ্টির পরিমাণ কমে আসছে।

উৎস : আবহাওয়া অধিদপ্তর, সিরাজগঞ্জ

তাপমাত্রা :

জেলার গড় তাপমাত্রা সর্বোচ্চ ৩৪.৬ ডিগ্রী সেন্টিঃ এবং সর্বনিম্ন ১১.৯ ডিগ্রী সেন্টিঃ। তাপমাত্রার পরিবর্তন লক্ষ করা যায় যেমন - পূর্বে শীতকাল শুরু হতো কার্তিক মাসেই। ইদানিং অগ্রহায়ণেও তেমন শীত পরিলক্ষিত হয় না। এছাড়া শীতের সময়কালও কমে এসেছে।

উৎস : আবহাওয়া অধিদপ্তর, সিরাজগঞ্জ

ভু-গর্ভস্থ পানির স্তর:

সিরাজগঞ্জ জেলায় ভূ-গর্ভস্থ পানির স্তর ২২ থেকে ২৫ ফুট। ভূ-গর্ভস্থ পানির স্তর ক্রমান্বয়ে নিম্নগামী হচ্ছে তবে শুষ্ক মৌসুমে খাবার পানি বা সেচের পানি তেমন সংকট হয় না।

উৎসঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিরাজগঞ্জ।

১.৪.৪ অন্যান্য :

ভুমি ও ভুমির ব্যবহার:

জেলার মোট জমির পরিমাণ ২,৪৪,৫৬৬ হেক্টর। আবাদযোগ্য জমি ১,৮৪,০৪০ হেক্টর, আবাদযোগ্য পতিত জমি ৮২০ হেক্টর, আবাদ অযোগ্য চরাঞ্চল ৭৩০ হেক্টর, জলাভূমি ১২১০০ হেক্টর, বনভূমি ১৬ হেক্টর, বশত বাড়ী ৪৮,৪১০ হেক্টর। এক ফসলী জমির পরিমাণ ২৬,০৭৫ হেক্টর, ২ ফসলী জমি ১,১০,৪১৮ হেক্টর, ৩ ফসলী জমির পরিমাণ ৪৬,৭২৭ হেক্টর।

কৃষি ও খাদ্য:

সিরাজগঞ্জ জেলার প্রধান প্রধান ফসলগুলো বরো ধান, রোপা আমন, আউস, বোনা আমন, গম, ভূট্টা, পাট, আখ, সরিষা, গোল আলু, শাক সবজি, ডাল জাতীয় ইত্যাদি।

প্রধান প্রধান ফসলগুলোর তথ্য নিম্নরুপ :

ফসলের নাম	আবাদকৃত জমি (হেঃ)	মোট উৎপাদন (মেঃ টন)	মন্তব্য
বোরো	১,৩৮,৬৯০	৫,৭২,২৩৮ (চাউল)	
রোপা আমন	৬৪,৯৮১	১,৪৮,০৩৫ (চাউল)	বন্যায় ক্ষতি - ৬৬৮০ হেঃ
আউশ	৬,৩০৫	১১,৯৩৫ (চাউল)	বন্যায় ক্ষতি- ১৬০ হেঃ
বোনা আমন	২২,৫০০	২০,১৩২ (চাউল)	বন্যায় ক্ষতি - ৬৬৭৭ হেঃ
গম	৪১৮০	১৩,১০৪	
ভুট্টা	৫০১৫	৩৭,৩৪১	
পাট	২৩,১৯০	১৯৭৯২২ (বেল)	বন্যায় ক্ষতি ৪৩৬৫ হেঃ
আখ	৩২৮৫	১৮৯০৭৫	
সরিষা	৫৩৪৫০	৫৩,২১৩	
চিনাবাদাম	২৮১০	৪,৬০৭	
গোল আলু	২৭১৫	৩৯,৯৩১	
শাকসবজি	৮৭৫০	১,৬০,৫৫১	
ডাল জাতীয়	২১,৭১৪	১২,৩৯৭	ক্ষতি + গোখাদ্য = ৪৫৯২ হেঃ

উৎস : কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিরাজগঞ্জ

নদী:

সিরাজগঞ্জ জেলায় ছোট-বড় ৮ টি নদী রয়েছে। জেলার পাশ দিয়ে যমুনা নদী প্রবাহিত ও অন্যান্য নদী জেলার মধ্যে দিয়ে অন্যদিকে প্রবাহিত। প্রতি বছর যমুনার ভাঙ্গনে ৫ টি উপজেলা ক্ষতিগ্রস্থ হয়। নদী থাকার করণে এলাকার যথেষ্ট উন্নয়ন ঘটছে। যেমন প্রচুর মাছ উৎপাদিত হচ্ছে এবং মালামাল পরিবহনে ব্যয় কম হচ্ছে। বালি, পাথর ও মাছ খুব অল্প সময়ে একস্থান থেকে অন্যস্থানে। অপকারের দিক থেকে বলতে গেলে প্রতি বছরে কিছু না কিছু জমি নদীগর্ভে বিলীন হয়ে যাচ্ছে। ফলে আবাদযোগ্য জমির পরিমাণ ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে। জেলার নদীর তালিকা সংযুক্ত করা হলো-

উৎসঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সিরাজগঞ্জ।

পুকুর :

জেলায় পুকুরের সংখ্যা ১৯,১৮৪ টি। সকল পুকুরেই কম বেশী মৎস্য চাষের মাধ্যমে এলাকাবাসী সুফলভোগ করে থাকে। সবগুলো পুকুর থেকে মাছ বিক্রয় করে প্রতিবছর বিপুল অঙ্কের টাকা আয় হচ্ছে যা সামাজিক উন্নয়নে অগ্রণী ভূমিকা রাখছে।

উৎসঃ জেলা মৎস্য অফিস, সিরাজগঞ্জ।

খাল:

সিরাজগঞ্জ জেলায় খালের সংখ্যা প্রায় ২১ টি। সিরাজগঞ্জ শহরের মধ্যে দিয়েই একটি দীর্ঘ খাল প্রবাহিত এবং এছাড়াও অন্যান্য খালেও মৎস্য চাষের মাধ্যমে জনগণ উপকৃত হচ্ছে।

উৎসঃ জেলা মৎস্য অফিস, সিরাজগঞ্জ।

বিল :

সিরাজগঞ্জ জেলার বিভিন্ন উপজেলায় মোট ৫২ টি ছোট বড় বিলের সন্ধান পাওয়া যায়। যেখানে মৎস্য চাষের মাধ্যমে মানুষ উপকৃত হচ্ছে।

উৎসঃ জেলা মৎস্য অফিস, সিরাজগঞ্জ।

হাওড় :

সিরাজগঞ্জ জেলায় কোন হাওড় নেই তবে চলনবিলের একটি অংশ রয়েছে যাকে বলা হয় প্লাবন ভূমি। ১৫১ টি প্লাবন ভূমি রয়েছে।

উৎসঃ জেলা মৎস্য অফিস, সিরাজগঞ্জ।

লবনাক্ততা :

সিরাজগঞ্জ জেলায় ব্যবহৃত পানিতে কোন লবণাক্ততা পাওয়া যায়নি।

উৎসঃ জেলা মৎস্য অফিস, সিরাজগঞ্জ।

আর্সেনিকের তথ্য :

সিরাজগঞ্জ জেলায় ০৫টি উপজেলায় (সিরাজগঞ্জ সদর, শাহাজাদপুর, রায়গঞ্জ, কামারখন্দ ও বেলকুচি) ০৯টি ইউনিয়নের ১৪টি গ্রামে আর্সেনিক দূষণ রয়েছে। জেলায় সর্বমোট ৯৭,১২৬টি নলকুপ আছে। যে সমস্ত নলকূপে আর্সেনিক পাওয়া গেছে তার সবগুলোতে লাল চিহ্নিত করা আছে। এর ফলে এলাকার জনগন এগুলোর পানি ব্যবহার করছে না। এতে করে জেলায় কোন আর্সেনিকোসিস রোগের প্রাদূর্ভাব ঘটছে না। সিরাজগঞ্জ জেলার আর্সেনিকের তালিকা সংযুক্ত করা হলো-

উৎসঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিরাজগঞ্জ।

দ্বিতীয় অধ্যায় : দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা

২.১ দুর্যোগের সার্বিক ইতিহাস (বিগত ১০ বছররে):

সিরাজগঞ্জ জেলার র্দুযোগ ঝুঁকি সম্পন্ন উপজেলা গুলোর মধ্যে সিরাজগঞ্জ সদর, কাজিপুর, বেলকুচি, শাহাজাদপুর ও চৌহালী উপজেলা অন্যতম। প্রায় প্রতি বছর কোন না কোন র্দুযোগের সম্মুখীন হয় উক্ত উপজেলা গুলোর অধিকাংশ ইউনিয়ন/ গ্রাম। বন্যা, নদীভাঙ্গন, খরা, অতিবৃষ্টি কালবৈশাখী সহ বিভিন্ন আপদে মানুষরে স্বাভাবকি জীবনযাত্রা বিপন্ন এবং সম্পদের ব্যাপক ক্ষতি সাধন হয়। যমুনা, ইছামতি, বড়াল, করতোয়া ও হুড়া সাগর নদীর নাব্যতা কমে যাওয়ায় র্বষা মৌসুমে নদীর দু-কুল ভাসিয়ে ঐ সমস্ত উপজেলা গুলোর অধিকাংশ ইউনিয়ন/গ্রাম ব্যাপক এলাকা প্লাবিত হয়। তাছাড়া ড্রেনেজ ব্যবস্থা ভালো না থাকায় র্বষা মৌসুমে অতিবৃষ্টির ফলে উপজেলা গুলোর নিম্ন এলাকার বসত বাড়ীতে জলাবদ্ধতার সৃষ্টি করে। যা প্রায় ১৫ থেকে ১ মাস স্থায়ী থেকে নদী ভরাট দিন দিন প্রকোপ এ এলাকায় বন্যা ও জলাবদ্ধতার মাত্রা বৃদ্ধি পাচ্ছে। ২০০৪ সালে ও ২০০৭ সালে দেখা গেছে উত্তরের হিমালয়রে পাদদেশ তথা উজান থেকে নেমে আসা ঢলে যমুনা নদীর পানি বৃদ্ধি পেয়ে ৩-৫ দিনের মধ্যে উক্ত উপজেলাসহ সমগ্র সিরাজগঞ্জ জেলা প্লাবিত হয়ে যায়। বন্যার প্রকপে বসতবাড়ি তলিয়ে মানুষ গৃহহারা হয়ে যায়, শ্রোতের প্রকপে আধা কাচা ও কাচা ঘরবাড়ি বিলিন হয়ে যায়, ক্ষেতের ফসল ডুবে নষ্ট হয়ে যায়, রাস্তাঘাট সহ সকল ধরনরে অবকাঠামোর ক্ষতি হয়, র্সার্বিকভাবে জনজীবন বিপন্ন হয়ে উঠে। ফলে সিরাজগঞ্জ এর সমগ্র এলাকায় দুর্যোগ ঘোষনা করা হয় এবং সরকারী ও বসেরকারীভাবে উদ্ধার, ত্রান ও পুর্নবাসন র্কাযক্রম পরিচালনা করা হয় । উক্ত উপজেলা গুলোর প্রায় পরিবার তাদরে মালামাল নিরাপদে সরিয়ে আনার সময়টুকু পায়নি। এক র্পযায়ে প্রায় ২০০০ পরিবারকে উপজেলা প্রশাসন ও এনজিওর পক্ষ থেকে তাদেরকে নিরাপদে সরিয়ে আনা হয়। ২০০৪ ও ২০০৭ বন্যার পানি যথাক্রমে বিপদসীমার ১০৫-১১৫ সে: মি: উপর দিয়ে প্রবাহতি হয়েছে।

দুর্যোগের ক্ষতির পরিমান ঘটার সময় এবং ক্ষতিগ্রস্থ খাতসমূহ ছক আকারে নিম্নে দেয়া হলো:

দুর্যোগের নাম	বছর	ক্ষতির পরিমাণ	কোন্ কোন্ খাত/উপাদান ক্ষতিগ্রস্থ হয়
বন্যা	২০০৪ ও ২০০৭	আনুমানিক প্রায় ৫০০ কোটি	কৃষি, ঘরবাড়ী, যাতায়াত/রাস্তাঘাট, ব্রীজ/কালভাট, স্বাস্থ্য/পুষ্টি কর্মসংস্থান, বিশুদ্ধ পানি, স্যানিটেশন, মৎস্য, খাদ্যাভাব
নদীভাঙ্গান	চলমান	আনুমানিক প্রায় ৬৫০ কোটি ৬০ লক্ষ	কৃষি, ঘরবাড়ী , অবকাঠামো, জমি
কালবৈশাখী	২০১২	আনুমানিক প্রায় ৪ কোটি ৭০ লক্ষ	ঘরবাড়ী , গাছপালা
খরা	২০০৫	আনুমানিক প্রায় ২৫কোটি ৮০ লক্ষ	কৃষি, বিশুদ্ধ পানি, মৎস্য
অতিবৃষ্টি	২০০৯	আনুমানিক প্রায় ৮কোটি ৪৫ লক্ষ	জীবন ও জীবিকা, রবিশষ্য, সবজি , রাস্তাঘাট
কুয়াশা ও শৈত্য প্রবাহ	২০০১-২০১৩	আনুমানিক প্রায় ৬কোটি	জীবন ও জীবিকা, রবিশষ্য, সবজি ,স্বাস্থ্য

তথ্য সূত্র: সকল ইউনয়িনরে চয়োরম্যানগণ

২.২ জেলার আপদ সমুহঃ

র্দুযোগরে ক্ষতির পরিমান, ঘটার সময় এবং ক্ষয়ক্ষতি এবং খান সমূহ নিম্নে ছকের মাধ্যমে দেওয়া হল:

ক্রমিক	আপদ	অগ্রাধিকার	স্তর
০১	বন্যা	বন্যা	১ম
০২	কালবৈশাখী	নদী ভাঙ্গন	২য়
০৩	কুয়াশা ও শৈত্যপ্রবাহ	কালবৈশাখী	৩য়
০৪	অতিবৃষ্টি	খরা	৪র্থ
০৫	নদী ভাঙ্গন	অতিবৃষ্টি	৫ম
০৬	খরা	কুয়াশা ও শৈত্যপ্রবাহ	৬ষ্ঠ

উৎস্য : এফজিডি, এলাকার জনগণ ও ইউনিয়ন পরিষদ।

২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ও ভবিষ্যৎ চিত্র বিস্তারিত বর্ননাঃ

১.বন্যা:

ব্যাপক মাত্রায় বন্যা কবলিত একটি এলাকা সিরাজগঞ্জ জেলা । সিরাজগঞ্জ জেলার ৯ টি উপজেলার মধ্যে ৫ টি জেলাই বন্যা আক্রান্ত এলাকা। সাধারণতঃ আষাঢ়- শ্রাবণ মাসেই অতি বৃষ্টি ও উত্তরের আসাম হইতে আগত অতিরিক্ত পানি বন্যার কারণ। প্রতি বছরই এই এলাকায় কম বেশী বন্যা হয়ে থাকে। এতে ব্যাপকভাবে ফসলের ক্ষতি হয় এবং জানমালেরও ক্ষয়-ক্ষতি হয়ে থাকে। চরাঞ্চলের মানুষ আশ্রয়হীন হয়ে পড়ে। তবে যথেষ্ট আশ্রয় কেন্দ্র নাই। মানুষজন শহর রক্ষা বাঁধে আশ্রয় নেয়, দরিদ্র মানুষ আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয় এবং কর্মসংস্থান কমে যায়। এ ব্যাপারে ব্যাপক ভিত্তিক পরিকল্পনা গ্রহণের মাধ্যমে এ সমস্যার সমাধান করা সম্ভব।

২.নদী ভাঙ্গন:

